banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad


# কর্মসংস্থান

দাম : ৪ টাকা

www.karmosangsthan.com

Vol. 32 ■ Issue No. 9 ■ 2nd March 2019 ■ Saturday ■ R.N.I. 44167/88



3700 ছাত্রছাত্রীদের নার্সিং ট্রেনিং দিয়ে চাকরি

SNS College of Nursing • Shree Bhavani Group of Nursing • Hillside Group of Institute • Goutham Group of College

GNM, B.Sc. Nursing, D./B.Pharm, BDS, DMLT, ANM

মেদিনীপুর, বাঁকুড়া, বীরভূম 9674311892, 9933611829 | দঃ/উঃ ২৪ পরগনা, নদীয়া 9051889696, 7602891613 | ঝাড়গ্রাম, পুরুলিয়া 9051731474, 8017337057 | মুর্শিদাবাদ, মালদা, শিলিগুড়ি, উঃ দঃ দিনাজপুর 9748163775 9051889776

SRISTI NURSING EDUCATION OF MANAGEMENT, Jadavpur, Kolkata- 92

Admission / for Authorised Branch Call : 09163292000, 09163297000


পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে

# রাজ্য সরকারে কয়েক হাজার ক্লার্ক

## ৪০ বছর বয়স পর্যন্ত মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা যোগ্য

**১২ বছর পরে এই সুযোগ**

পশ্চিমবঙ্গ সরকারের সেক্রেটারিয়েট, ডিরেক্টরেট, জেলা অফিসার ও অন্যান্য আঞ্চলিক অফিসে কাজের জন্য 'লোয়ার ডিভিশন ক্লার্ক' পদে কয়েক হাজার ছেলেমেয়ে নেওয়ার বিজ্ঞপ্তি বেরিয়েছে। শেষ এই পরীক্ষা হয়েছিল ২০০৭ সালে। তাই শূন্যপদের সংখ্যা কয়েক হাজার হবে।

মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। উচ্চমাধ্যমিক, গ্র্যাজুয়েট বা, পোস্ট গ্র্যাজুয়েট ছেলেমেয়েরাও আবেদনের যোগ্য। কম্পিউটারে কাজ চালানোর মতো জ্ঞান থাকতে হবে। কম্পিউটারে ইংরিজি টাইপিংয়ে মিনিটে অন্তত ২০টি কিংবা বাংলা টাইপিংয়ে মিনিটে অন্তত ১০টি শব্দ তোলার গতি থাকতে হবে। বয়স হতে হবে ১-১-২০১৯'এর হিসাবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ২-১-৭৯ থেকে ১-১-২০০১'র মধ্যে। তপশিলী সম্প্রদায়ের প্রার্থীরা ৫ বছর, অন্যান্য অনগ্রসর সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, দৈহিক প্রতিবন্ধীরা (৪০% ও তার বেশি হলে) ৫ বছর ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সের ছাড় পাবেন। পশ্চিমবঙ্গের বাইরের প্রার্থীরা 'জেনারেল কাস্টে'র প্রার্থী হিসাবে আবেদন করতে পারবেন।

মূল মাইনে : ৫,৪০০-২৫,২০০ টাকা ও গ্রেড পে ২,৬০০ টাকা। শুরুতে মোট মাইনে মাসে প্রায় ২২,০০০ টাকা।

প্রার্থী বাছাই করবে 'পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশন'। ২০১৯ সালের ক্লার্কশিপ' পরীক্ষার মাধ্যমে। প্রথমে লিখিত পরীক্ষা হবে। দু'টি ব্যাচে, দু'টি হাফে। এইসব কেন্দ্রে (ব্রাকেটে কোড নং দেওয়া হল) : উত্তর কলকাতা (০১), দক্ষিণ কলকাতা (০২), বারুইপুর (০৩), ডায়মন্ডহারবার (০৪), ব্যারাকপুর (০৫), বারাসাত (০৬), কৃষ্ণনগর (০৭), হাওড়া (০৮), চুঁচুড়া (০৯), বর্ধমান (১০), আসানসোল (১১), পুরুলিয়া (১২), মেদিনীপুর (১৩), তমলুক (১৪), ঝাড়গ্রাম (১৫), বাঁকুড়া (১৬), সিউড়ি (১৭), বহরমপুর (১৮), মালদা (১৯), বালুরঘাট (২০), রায়গঞ্জ (২১), জলপাইগুড়ি (২২), আলিপুরদুয়ার (২৩), কোচবিহার (২৪), শিলিগুড়ি (২৫), কালিম্পং (২৬), দার্জিলিং (২৭)। দার্জিলিং কেন্দ্রটি একমাত্র দার্জিলিং জেলার পার্বত্য আদিবাসী ও দার্জিলিং সদর, কার্শিয়াঙ আর কালিম্পং মহকুমার প্রার্থীদের।

লিখিত পরীক্ষা হবে দু'টি পার্টে। প্রথম পার্টে ১০০ নম্বরের ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) ইংরিজি - ৩০ নম্বর, (খ) জেনারেল স্টাডিজ - ৪০ নম্বর, (গ) অ্যারিথমেটিক - ৩০ নম্বর।

☞ এরপর ১১ পাতায়

UPSC'র সিভিল সার্ভিসেস ও ফরেস্ট সার্ভিস পরীক্ষার মাধ্যমে

# কেন্দ্রীয় সরকারের সেরা সেরা পদে ৯৮৬ চাকরি

কেন্দ্রীয় ও রাজ্য সরকারের সেরা সেরা পদে চাকরির জন্য ইউনিয়ন পাব্লিক সার্ভিস কমিশনের '২০১৯ সালের সিভিল সার্ভিসেস পরীক্ষা'র মাধ্যমে ৮৯৬ জন আর ইন্ডিয়ান ফরেস্ট সার্ভিস পরীক্ষার মাধ্যমে ৯০ জন ছেলেমেয়ে নেওয়া হচ্ছে। সিভিল সার্ভিস প্রিলিমিনারি পরীক্ষার সঙ্গে একইভাবে ইন্ডিয়ান ফরেস্ট সার্ভিস প্রিলিমিনারি পরীক্ষার জন্য দরখাস্ত নেওয়া হচ্ছে। এই দুই পদের প্রিলিমিনারি পরীক্ষা একই সঙ্গে, একই দিনে হবে।

**সিভিল সার্ভিস :** যে কোনো শাখার পাস বা, অনার্স গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। যাঁরা ডিগ্রি কোর্সের

☞ এরপর ৫ পাতায়

## পশ্চিম বর্ধমান জেলা আদালতে ১১৩ পিওন, ক্লার্ক

পশ্চিম বর্ধমান জেলা জাজেস কোর্টে 'স্টেনোগ্রাফার গ্রেড-বি', 'লোয়ার ডিভিশন ক্লার্ক', 'টাইপিস্ট /কপিয়িস্ট', 'প্রসেস সার্ভার', 'পিওন /ফরাস / ডে গার্ড / নাইট গার্ড' ও 'সুইপার' পদে ১১৩ জন ছেলেমেয়ে নেওয়া হচ্ছে। কারা কোন পদের জন্য আবেদনের যোগ্য :

**স্টেনোগ্রাফার গ্রুপ-বি :** মাধ্যমিক

☞ এরপর ৬ পাতায়

# কেন্দ্রীয় সরকারে কয়েক হাজার পোস্টাল অ্যাসিস্ট্যান্ট, ক্লার্ক

## স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে

কেন্দ্রীয় সরকারের বিভিন্ন অফিসে কাজের জন্য 'পোস্টাল অ্যাসিসট্যান্ট /সর্টিং অ্যাসিস্ট্যান্ট', লোয়ার ডিভিশন ক্লার্ক / জুনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট ও 'ডাটা এন্ট্রি অপারেটর' পদে কয়েক হাজার ছেলেমেয়ে নেওয়া হচ্ছে।

যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা কম্পিউটারে ইংরিজি টাইপিংয়ে মিনিটে অন্তত ৩৫টি শব্দ তোলার গতি থাকলে 'পোস্টাল অ্যাসিস্ট্যান্ট / সর্টিং অ্যাসিস্ট্যান্ট', 'লোয়ার ডিভিশন ক্লার্ক/ জুনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট' পদের জন্য আবেদন করতে পারেন।

যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক

☞ এরপর ৬ পাতায়


১৩২ পাতার দাম ২৫ টাকা

কর্মসংস্থান গোষ্ঠীর সাফল্য মার্চ সংখ্যা বেরোল

রেলের গ্রুপ 'ডি' পদের পরীক্ষার ৩ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর

ডাকবিভাগে মাল্টি টাস্কিং স্টাফ পদের পরীক্ষার ১ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর

রাজ্য পুলিশের কনস্টেবল পদের পরীক্ষার ৩ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর

পি.এস.সি ক্লার্কশিপ পদের পরীক্ষার ২ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর

ডাকবিভাগে পোস্টম্যান পদের পরীক্ষার ১ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর

৮ কেন্দ্রীয় বাহিনীর কনস্টেবল পদের পরীক্ষার ১ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর

রেলের ও সি.পি.ডব্লু.ডি'র জুনিয়র ইঞ্জিনিয়ার পরীক্ষার ২ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর


# নেভিতে ৫০৪ চাকরি

ভারতীয় নৌবাহিনীর ইস্টার্ন ন্যাভাল কমান্ড, ওয়েস্টার্ন ন্যাভাল কমান্ড, সাউদার্ন ন্যাভাল কমান্ড ট্রেডসম্যান মেট পদে ৫০৪ জন লোক নিচ্ছে। মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে যে কোনো ট্রেডে সার্টিফিকেট কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৫-৩-২০১৯'এর হিসাবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ১৮,০০০-৫৬,৯০০ টাকা। শূন্যপদ : হেডকোয়ার্টার্স ইস্টার্ন ন্যাভাল কমান্ড, বিশাখাপত্তনম ৪৬টি (জেনাঃ ২০, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ১২, উচ্চবর্ণের প্রার্থী ৪)। এর মধ্যে প্রাঃসঃকঃ ৫, প্রতিবন্ধী ২। হেডকোয়ার্টার্স ওয়েস্টার্ন ন্যাভাল কমান্ড, মুম্বাই ৫০২টি (জেনাঃ ২২৭, তঃজাঃ ৫৮, তঃউঃজাঃ ২৪, ও.বি.সি. ১৪৩, উচ্চবর্ণের প্রার্থী ৫০)। এর মধ্যে প্রাঃসঃকঃ ৫০, প্রতিবন্ধী ৩৩। হেডকোয়ার্টার্স সাউদার্ন ন্যাভাল কমান্ড, কোচি ৬টি (জেনাঃ ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১, উচ্চবর্ণের প্রার্থী ১)। প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে।

☞ এরপর ১১ পাতায়

# আই.সি.ডি.এস প্রকল্পে ৩,৩৭৬ সুপারভাইজর নেওয়ার সিদ্ধান্ত

রঞ্জিৎ ঘোষ : পশ্চিমবঙ্গের সব জেলা থেকে আই.সি.ডি.এস. বা, অঙ্গনওয়াড়ি কেন্দ্র পরিচালনার জন্য সুপারভাইজর পদে ৩,৩৭৬টি শূন্যপদ পূরণ করা হবে। স্বাস্থ্যমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য ২১ ফেব্রুয়ারি নবান্নে সাংবাদিক সম্মেলন করে জানান, আই.সি.ডি.এস. কেন্দ্র ও তার অধীন অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলির কাজকর্মে আরো গতি আনতে ৩,৩৭৬ জন সুপারভাইজর নেওয়ার সিদ্ধান্ত মন্ত্রিসভার বৈঠকে নেওয়া হয়েছে। ওই বৈঠকে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় উপস্থিত ছিলেন। আন্তর্জাতিক নারী দিবসের আগে নারীদের উৎসাহিত করতে মুখ্যমন্ত্রীর একটি উপহার।

স্বাস্থ্যমন্ত্রী জানান, সুপারভাইজর পদের জন্য শিক্ষাগত যোগ্যতা থাকা দরকার যে কোনো শাখার ডিগ্রি কোর্স পাশ।

☞ এরপর ২ পাতায়

## ইন্ডিয়ান অয়েলে ৩৯২ অ্যাপ্রেন্টিস

ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন লিমিটেডের পশ্চিমাঞ্চল মার্কেটিং ডিভিশন 'ট্রেড অ্যাপ্রেন্টিস' ও 'টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস' হিসাবে ৩৯২ জন লোক নিচ্ছে। কারা কোন ট্রেডের জন্য যোগ্য :

☞ এরপর ৪ পাতায়

## ২ পুরসভায় ২৯ মজদুর, ক্লার্ক

**ডোমকল পুরসভায়**

ডোমকল পুরসভা মজদুর, পিওন, সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার ও পাম্প অপারেটর পদে ১৪ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

পিওন : ক্লাস এইট পাশরা ভালো

☞ এরপর ৪ পাতায়

## ৯০ অ্যাপ্রেন্টিস

নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশন অফ ইন্ডিয়া লিমিটেড 'ট্রেড অ্যাপ্রেন্টিস' হিসাবে ৯০ জন লোক নিচ্ছে। নেওয়া হবে এইসব ট্রেডে : ফিটার, টার্নার, মেশিনিস্ট, ইলেক্ট্রিশিয়ান, ইন্সট্রুমেন্ট মেকানিক, ইলেক্ট্রনিক মেকানিক, পি.এ.এস.এ.এ., ওয়েল্ডার। আই.টি.আই. থেকে ফিটার, টার্নার,

☞ এরপর ২ পাতায়


লক্ষ্য এবার 'রেলে চাকরি'

1,30,000 শূন্যপদ - এমন সুযোগ আগামী 10 বছরে আর হবে না

সুদীর্ঘ 15 বছর ধরে রাজ্যে সাফল্যের শীর্ষে

ICS

পাঁজির মোড়, চাকদহ, নদিয়া (কোন শাখা নেই)

786-400-2150 / 9800-65-27-35

ক্লাস নিচ্ছেন রাজ্যের প্রথম শ্রেণীর পত্রিকা ও ম্যাগাজিনের গবেষক ও লেখক-লেখিকারা নিম্নলিখিত পরীক্ষাগুলির জন্য

PSC ক্লার্ক * FCI * CHSL * জেল ওয়ার্ডার * হাইকোর্ট ক্লার্ক * রাজ্য পুলিশ কনস্টেবল * ইন্টেলিজেন্স ব্যুরো

হস্টেল ফেসিলিটি / একদিনে সব ক্লাসের ব্যবস্থা

- রেলের ব্যাচ শুরু 3 মার্চ
- কম্বাইন্ডের ব্যাচ শুরু 10 মার্চ
- কনস্টেবলের ব্যাচ শুরু হয়ে গেছে

ভর্তি চলছে

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন, কলকাতা - ৭০০ ০১৯
বালিগঞ্জ বাস টার্মিনাসে গড়িয়াহাট ম্যালের মুখোমুখি
হেল্প লাইন
✆ : (০৩৩) ২৪৬০ ৬২১১/ ৬২১২/৮২৩৪
ফ্যাক্স নং : ২৪৬০ ৮২৩৩
নয়াদিল্লি কার্যালয়
রুম নং - ১০২ অ্যানেক্স, আই.এন.এস বিল্ডিং, রফি মার্গ
নয়াদিল্লি-১১০ ০০১
ফোন : ০৯৮১৮৬৭৫২৮৩

## স্কুল-কলেজ-শিক্ষা

Ph.D, M.Ed, B.Ed, LLB, বিপিএড ফার্মেসি নার্সিং এছাড়া যে কোন কোর্স ডিস্টেন্স / রেগুলার-এ করুন। বোলপুর : 7001731491, মালদা 9641350551, মেদিনীপুর : 6296599970.
UM

**ভারত সরকার স্বীকৃত নার্সিং ট্রেনিং কলেজ (বালিগঞ্জ) -এ ভর্তির বিজ্ঞপ্তি**
2 Years BSS Practical Nursing (Govt. of India) ট্রেনিং -এ সরাসরি ভর্তি চলছে। যোগ্যতা - মাধ্যমিক / উঃ মাধ্যমিক। ট্রেনিং-এর শেষে চাকরি। Installment-সহ অন্যান্য অনেক সুযোগ সুবিধা। রবীন্দ্র পাঠ ভবন, বালিগঞ্জ : 9732937726, 9732684328
SA

## স্কুল-কলেজ-শিক্ষা

**Math, G.I, GK বেলঘরিয়া**
CGL, রেল (Gr.D/SM), Food, ব্যাঙ্ক (ক্লার্ক/PO), WBCS, PSC, 600PM. চন্দ্র স্যার-9903500682
R

**350 টাকা**
মাসে Rail, PSC ক্লার্ক, C.G.L পড়ানো হয়। শিয়ালদহ, ঢাকুরিয়া, PA - 9804661270.
SH

**পুলিশ, আর্মি, WBCS-এর**
গ্যারান্টি। আইডিয়াল একাডেমিতে আবাসিক কোর্স করুন। Fees সাফল্যের পর। P. Kundu - 9831757747, 8420816297
SH

**Roy's Academy**
WBCS, SSC, WB Police, Rail, Constable, Objective & Descriptive English. সেরা প্রশিক্ষণ। নতুন ব্যাচ শুরু হচ্ছে শীঘ্রই। সোনারপুর, তমলুক। Ph. / Whatsapp - 9836051246.
D

**সার্ভে ট্রেনিং (আমিন প্রশিক্ষণ)**
পরিচালনায় - দৌলতাবাদ শ্রী রামচন্দ্র সার্ভে ট্রেনিং সোসাইটি (গভঃ রেজিঃ)। Ph. : 9836296965. এপ্রিল-মার্চ সেশনে সপ্তাহে ১ দিন শনি/রবি ভর্তি চলিতেছে। প্রশিক্ষণ কেন্দ্র - মুকুলিকা স্কুল, ফতেপুর, ডায়মন্ড হারবার রোড, দঃ ২৪ পরগনা। হাপি হোম স্কুল, ফুলেশ্বর, হাওড়া। নো হাউ, চন্দনপুর, হুগলী। অরবিন্দ শিক্ষা কেন্দ্র, সুতাহাটা, পূর্ব মেদিনীপুর। রামকৃষ্ণ মিলন মন্দির, রাধামোহনপুর, পঃ মেদিনীপুর।
SH

## স্কুল-কলেজ-শিক্ষা

**ENGLISH**
CGL, CHSL, WBCS, PSC Clerk, Police, আট বাহি। প্রণব স্যার - 9832217444, হাবড়া, চাকদা।
SH

**নার্সিং ভর্তি !!!**
পুং/স্ত্রী GNM (মোট ১,৫০,০০০) & BSC নার্সিং (মোট ৩,০০,০০০) INC. কলকাতায় ক্লাস। MNCC - (M) 8336015296.
SH

MATH SOLUTION & GI (SITTING WISE CLASS). SODEPUR / BELGHARIA : 9874889272 (OM).
P

**ভর্তি চলিতেছে**
D.El.Ed(2017-18-19), B.Ed, BBA, MBA, BCA, মন্তেশ্বরী, নার্সিং, LLB, NIOS, ITI, MBBS, MHA, Ph.D-9836403936.
R

LLB (3 Years) 2 বছরে পাশ, No Age No Marks Bar. Contact- D.B.Das (Advocate), Barasat Judge Court. 9432176217, 9875488791.
SA

**ANM নার্সিং ট্রেনিং**
নতুন সেশনের ফর্ম (১০০/) দেওয়া হচ্ছে। এছাড়া DMLT (প্যাথোঃ), DPT (ফিজিও), E.C.G. কোর্সে 21তম বর্ষে বিশেষ ছাড়ে ভর্তি চলছে। MRIT, শ্রীরামপুর 9231839309.
R

## স্কুল-কলেজ-শিক্ষা

**স্কুল সার্ভিস বাংলা**
নবম দশম ও একাদশ দ্বাদশ সোনারপুর। TET Ph. - 9051400842, 8240361874
SH (S)

Bengal Railway Psycho. Centre. আমিঃ লোকো পাইলটদের Psycho. শেখার সেরা প্রতিষ্ঠান। 9800483149, 9002079780
SH (S)

**Vision Institute**
**B.Ed & M.Ed.**
**Ph.D, LLB, Pharmacy Engg. & Management**
**GNM, B.Sc নার্সিং**
এছাড়া সব বিষয়ে ডিগ্রি ও মাস্টার ডিগ্রি কোর্স (Regular & Distance)
কলকাতা —
7603004974, 7603004973/1

**নার্সিং ও ফার্মাসিস্ট**
ANM / GNM / B.Sc Nursing, D.Pharma / B.Pharma / M. M.Ed/M.P.Ed/B.P.Ed, B.Ed, D.El.Ed / LLB others INC, PCI, NCTE, BCI Apv. Direct Admission / For Branch Cont. : 8420657379. SRU, চুঁচুড়া, হুগলি। 9 yrs Running.
D

## স্কুল-কলেজ-শিক্ষা

**বারাসাত, হাবড়া, বেড়াচাঁপা**
নগরউখরা, মছলন্দপুর। সব চাকরী পরীক্ষার Math ও GI. 400 p.m প্রাণদীপ মণ্ডল- 8293255605.
SH

**Tarun Da, Barasat**
MATH, GI & G.K of All Competitive Exam & WBCS. Mob : 9830989770.
SH

**400/- তেই সাফল্য**
Math, GI, GK, Eng, Ex-RICE, PSC, SSC, পুলিশ, রেল, কোর্ট, etc. AR-9804591884, গড়িয়া।
SH

**100/- এক মাস**
WBCS, RAIL, PSC পড়ানো হয়। দুপুরে খাবার ও যাতায়াত Free. LPA, গড়িয়া - 7003966500
SH

TET, WBCS, WBSSC, স্কুল সার্ভিস, রেল, পুলিশ, PSC, SSC. মাসে 600/-. শিয়ালদহ, কৃষ্ণনগর, রাণাঘাট, বড় জাগুলি, কাচরাপাড়া, শ্যামনগর। P.H - 7584006555.
LG

**B.P.Ed. কোর্স**
NCTE অনুমোদিত কলেজে 2019-21 শিক্ষাবর্ষে B.P.Ed. কোর্সে ভর্তির জন্য শীঘ্রই যোগাযোগ করুন। M-9474584323.
R

**পিএসসি ক্লার্কশিপ**
পরীক্ষার উপর ফ্রি সেমিনার কলকাতায়। নাম নথিভুক্ত করতে < Name / PSC Clerkship > লিখে Whatsapp করুন @ 9830345379. আরও জানতে - www.brainoteach.com
MS (A)

## কর্মখালি

**Pvt. Bank, টাওয়ার,**
MNC তে প্রতিটি জেলায় ১৪২ জন নিয়োগ হবে বিভিন্ন স্থায়ীপদে। বেতন (13K – 28K) 9564030192, 7718637129
SA (A)

## কর্মখালি

**আর্জেন্ট ভ্যাকান্সি**
গভঃ লাইসেন্সপ্রাপ্ত সম্পূর্ণ বিনা ডোনেশনে Airport ও ব্যাঙ্কে সরাসরি M/F নিয়োগ চলছে। যোগ্যতা - ৮ম - স্নাতক। বেতন - 17300 – 45700. M - 8436876651.
SA (A)

**আর্জেন্ট রিক্রুটমেন্ট এয়ারপোর্ট ও Pvt. ব্যাঙ্কে সরাসরি নিয়োগ**
Govt. R/L No. - 7253. গভঃ স্বীকৃত অফিসের মাধ্যমে বিনা ডোনেশনে Airport ও ব্যাঙ্কে কন্ট্রাক্টরের অধীনে M/F নিয়োগ চলছে। যোগ্যতা - ৮ম - স্নাতক। বেতন - 16700/- 45900/-. এছাড়া অন্যান্য সুবিধা। M : 9609141521.
SA (A)

**চাকরি পেতে চান স্থায়ী কাজ 100%. বেতন : (12500 - 28600)**
শহর থেকে গ্রামের প্রত্যেক কর্মপ্রার্থীদের জন্য বিনা ডোনেশনে চাকরি। যোগ্যতা অষ্টম - স্নাতক। পশ্চিমবঙ্গের প্রত্যেকটি জেলাতে স্থায়ী কাজ। অফিসিয়াল ও অন্যান্য পদে নিয়োগ চলছে। পোস্ট : S/V, অফিস বয়, ক্লার্ক, ইনচার্জ, পিওন, ATM গার্ড, PVT (Bank)-এ প্রচুর লোক প্রয়োজন। PF, ESI, OT, বোনাস, থাকা ও খাওয়া ফ্রী। যোগাযোগের সাথে সাথে কর্মপ্রার্থীকে লিখিত ভাবে পোস্টিং এরিয়া জানানো হবে। AG - (M) 8348222418
SA (A)

## কর্মখালি

**Airport ও মেট্রো**
Govt. Regd. No. - EWK - 0672. শূন্যপদ - 92, যোগ্যতা - নামসই থেকে স্নাতক। বেতন - 16300 – 48900. পুরুষ / মহিলা কর্মঠ কর্মপ্রার্থী প্রয়োজন। PF, ESI, OT-সহ অন্যান্য সুবিধা। M - 9609063326.
SA (A)

**এয়ারপোর্ট ও মেট্রোতে স্থায়ী জব Govt. Reg. L/No.- 234012**
সরাসরি কন্ট্রাক্টরের অধীনে এয়ারপোর্ট ও মেট্রোতে স্থায়ী চাকরি। যোগ্যতা - ৮ম - স্নাতক। বেতন-14800–38900 উর্দ্ধে। PF, বোনাস, ESI. এছাড়াও থাকা-খাওয়া, যাতায়াত ফ্রী। ফর্ম ফি-100/-. M - 9083932438.
SA (A)

**আর্জেন্ট ভ্যাকান্সি Airport, মেট্রো ও Pvt. ব্যাঙ্কে স্থায়ী জব**
স্ট্যাম্প পেপারে লিখিত-সহ বিনা ডোনেশনে কন্ট্রাক্টারের অধীনে বিভিন্ন অফিসিয়াল পদে M/F নিয়োগ চলছে। যোগ্যতা - ৮ম - স্নাতক। বেতন - 17600 – 48400. এছাড়া PF, ESI, OT - সহ থাকা খাওয়ার সুব্যবস্থা। M - 9609052392.
SA (A)

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

## কর্মখালি

**এয়ারপোর্ট ও মেট্রোতে চাকরি Govt. Reg. - L / No. - 266054**
সরাসরি এয়ারপোর্ট ও মেট্রোতে কন্ট্রাক্টরের অধীনে নিয়োগ চলছে। যোগ্যতা (৪র্থ - স্নাতক) দের জন্য বিভিন্ন পদে নিয়োগ চলছে। বেতন - (14200 – 37200) উর্ধ্বে। থাকা ও খাওয়া, যাতায়াত ফ্রী। M - 8695968081.
SA (A)

**দোহাই, আর ঠকবেন না**
বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিন্ত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ড্রেস ও এখনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। তার জন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। এছাড়া পাঠাবেন এই ঠিকানায় : সি.আই.ডি. বিভাগ, ভবানী ভবন, আলিপুর, কলকাতা-২৭। কলকাতার সংস্থা হলে এই ঠিকানায় : ডি.সি., ডি.ডি. - ১, লালবাজার, ১৮, লালবাজার স্ট্রিট, কলকাতা-১। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর ফোনে অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে।
— সম্পাদক, কর্মসংস্থান

# ৩৮ টেকনিশিয়ান

কলকাতা সিটি ন্যাশনাল আর্বান হেল্থ মিশন সোসাইটি ল্যাবরেটরি টেকনিশিয়ান পদে ৩৮ জন ছেলেমেয়ে নিচ্ছে। ফিজিক্স, কেমিস্ট্রি ও বায়োলজি / অঙ্ক বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক বা সমতুল কোর্স পাশ ছেলেমেয়েরা মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজি কোর্সে ওয়েস্টবেঙ্গল স্টেট মেডিক্যাল ফ্যাকাল্টি / এ আই.সি.টি.ইদ্বারা অনুমোদিত যে কোনো কলেজ / শিক্ষা প্রতিষ্ঠান থেকে ডিপ্লোমা কোর্স পাশ করলে আবেদন করতে পারেন। এম.এস. অফিস ও ইন্টারনেট-সহ কম্পিউটারে দক্ষতা থাকতে হবে। প্রার্থীকে এ রাজ্যের স্থায়ী বাসিন্দা হতে হবে। বয়স হতে হবে ১-১-২০১৯'এর হিসাবে ৪০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.রা ৩ বছর আর প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। পারিশ্রমিক মাসে ১৭,২২০ টাকা। শূন্যপদ : ৩৮টি (জেনাঃ ৬, জেনা-খেলোয়াড় ২, জেনা-প্রাঃসঃকঃ ৪, জেনা-প্রতিবন্ধী ৪, তঃজাঃ ১৩, তঃজাঃ-প্রাঃসঃকঃ ২, তঃউঃজাঃ ৭)।

প্রার্থী বাছাই হবে মেধার ভিত্তিতে। বাছাই প্রার্থীদের এরপর শূন্যপদের ১ : ১০ অনুপাতে প্র্যাক্টিক্যাল কম্পিউটার পরীক্ষার জন্য ডাকা হবে। এই পরীক্ষায় প্রার্থীকে অন্তত ৪০ শতাংশ নম্বর পেতে হবে। দরখাস্ত করবেন নির্দিষ্ট বয়ানে। বয়ানে পাবেন এই ওয়েবসাইটে : www.kmcgov.in পূরণ-করা দরখাস্তের সঙ্গে দেবেন : (১) ১ কপি পাসপোর্ট মাপের ফটো, (২) বয়স, শিক্ষাগত যোগ্যতা, কাস্ট সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল, (৩) কম্পিউটার কোর্সের সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল, (৪) পাসপোর্ট / ভোটার কার্ড / আধার কার্ডের স্বপ্রত্যয়িত নকল। দরখাস্ত জমা দেওয়ার সময় পূরণ-করা দরখাস্তের একটি প্রতিলিপি নিয়ে যেতে হবে। দরখাস্ত হাতে-হাতে গিয়ে জমা দেবেন ৯ মার্চ, বিকেল ৪টের মধ্যে। এই ঠিকানায় : NUHM Society, Room No 254, 2nd Floor, 5 S.N. Banerjee Road, Kolkata – 700 013.

## আই.সি.ডি.এস প্রকল্পে

১ পাতার পর

সোশ্যাল ওয়ার্ক বা, সোশিওলজির ডিগ্রি কোর্স পাশ হলে অগ্রাধিকার পাবেন। সোশ্যাল ওয়ার্কের কাজে অন্তত ২ বছরের অভিজ্ঞতা থাকলে ভালো হয়। বয়স হতে হবে ৩৭ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ৭,১০০-৩৭,৬০০ টাকা। গ্রেড পে ৩,৬০০ টাকা। শুধুমাত্র মহিলারাই আবেদনের যোগ্য। এই পদে নিয়োগের জন্য নতুন নিয়োগবিধি তৈরি হচ্ছে। প্রার্থী বাছাইয়ের জন্য সরাসরি বিজ্ঞপ্তি দিয়ে দরখাস্ত নেওয়া হবে। এজন্য প্রথমে লিখিত পরীক্ষা নেওয়া হবে। তারপর হবে ইন্টারভিউ। এছাড়াও কিছু শূন্যপদ পূরণ করা হবে পদোন্নতির ভিত্তিতে। রাজ্যে এই মুহূর্তে ১ লাখ ১৭ হাজার [illegible]

# জনস্বাস্থ্য কারিগরি দফতরে জুনিয়র ইঞ্জিনিয়ার পদে কীভাবে চাকরি পেলাম

**সাফল্যের প্রস্তুতি**



তপন কুমার মাঝি

পুরুলিয়া জেলার আদ্রা থানার ধবাড়ী গ্রামের ছেলে আমি। বাবা চাষবাস করে আমাদের ২ ভাইকে লেখাপড়া শিখিয়েছেন। স্থানীয় স্কুল থেকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পাশ করার পর JEXPO পরীক্ষায় বসি ও এই পরীক্ষায় ভালো র‍্যাঙ্ক করে আচার্য জগদীশচন্দ্র পলিটেকনিকে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং শাখায় ভরতি হই। ২০১৩ সালে এখান থেকে ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং পাশ করার পর অফ ক্যাম্পাস ইন্টারভিউয়ের মাধ্যমে একটি বেসরকারি সংস্থায় চাকরি পাই। সেখানে মাত্র ৬ মাস কাজ করেছিলোম। সৌরভ নামে এক বন্ধুর পরামর্শে এরপর ওই কাজটা ছেড়ে সরকারি চাকরির জন্য প্রস্তুতি নেওয়া শুরু করি। দমদমের একটা মেসে থেকে আমরা ৫ বন্ধু নিয়মিত গ্রুপ স্টাডি করতাম। ৫ জনের মধ্যে আমরা ৩ জন ছিলাম মেকানিক্যাল শাখার ও বাকি ২ জন ছিল ইলেক্ট্রিক্যাল শাখার। আমার প্রথম চাকরির পরীক্ষা ২০১৪ সালে পূর্ব রেলের অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদের জন্য। ঠিকঠাক প্রস্তুতি ছিল না বলে সাফল্যের ধারেকাছেও পৌঁছাতে পারিনি। এরপর একটা শিল্প সংস্থায় ১ বছরের জন্য অ্যাপ্রেন্টিসশিপে ছিলাম। ট্রেনিং শেষে আবার যথারীতি সরকারি চাকরির জন্য পড়াশোনা শুরু করি। প্রথমবার চাকরির পরীক্ষায় বসে বুঝেছিলাম, প্রস্তুতির জন্য চটপট উত্তর লেখার কৌশল রপ্ত করতে হয়, যা শুধুমাত্র কোনো প্রতিষ্ঠানেই শেখা যায়। এই বিশেষ পদ্ধতি জানার জন্য গড়িয়া স্টেশনের কাছে এক নামি প্রতিষ্ঠানে কোচিং নিয়েছিলাম।

শিক্ষাগত যোগ্যতা অনুযায়ী, বিভিন্ন ধরণের চাকরির পরীক্ষায় বসেছিলাম। ২০১৮ সাল আমার জীবনের একটা গুরুত্বপূর্ণ সময়। ওই বছরেই এই ৫টি পরীক্ষায় সফল হয়েছি — (১) পশ্চিমবঙ্গ স্কুল সার্ভিস কমিশনের গ্রুপ ডি (২) গার্ডেনরিচ শিপবিল্ডার্সে ডিজাইন অ্যাসিস্ট্যান্ট (৩) পাব্লিক সার্ভিস কমিশনের জুনিয়র ইঞ্জিনিয়ার (৪) এসপিসিএলের টেকনিশিয়ান ও কলকাতা মিউনিসিপ্যাল সার্ভিস কমিশনের সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার পদে।

এখন আমি পিএসসি'র জুনিয়র ইঞ্জিনিয়ার পদে চাকরি করছি। এই পরীক্ষায় অভিজ্ঞতার কথা পাঠক-পাঠিকাদের সঙ্গে ভাগ করে নিতে চাই। ২০১৬ সালের বিজ্ঞপ্তি দেখে দরখাস্ত করেছিলাম। প্রস্তুতির শুরুর দিন থেকে রুটিনমাফিক স্কুল স্তরের মতো পড়াশোনা করেছিলাম। রোজ গড়ে ১০-১২ ঘন্টা পড়াশোনা করতাম। যাবতীয় আড্ডা ও বন্ধুবান্ধবের থেকে নিজেকে মুক্ত করেছিলাম। টেকনিক্যাল বিষয়ের জন্য আর.এস খুর্মি ও আর.কে জৈনের লেখা অবজেক্টিভ টাইপের বই দেখে নিয়মিত অনুশীলন করতাম। পাশাপাশি উপকৃত হয়েছি কোচিংয়ের নোটস, 'কর্মসংস্থান' ও 'Appointment & Career News' পড়ে। লিখিত পরীক্ষা হয় ২০০ নম্বরের। ১০০টি প্রশ্ন ছিল। ৭৫টি প্রশ্নের সঠিক উত্তর লিখেছিলাম। পিএসসি'র পরীক্ষায় কোনো নন-টেকনিক্যাল বিষয়ের প্রশ্ন ছিল না।

লিখিত পরীক্ষায় সফল হওয়ার পর ইন্টারভিউয়ের জন্য ডাক পাই। প্রস্তুতির জন্য কোচিংয়ের মহড়া ইন্টারভিউয়ে অংশ নিয়েছিলাম। পাশাপাশি পাব্লিক সার্ভিস কমিশনের কাজ সম্পর্কে সচেতন হয়েছিলাম।

ইন্টারভিউ হয়েছিল পাব্লিক সার্ভিস কমিশনের সদর দফতরে। বোর্ডে ছিলেন মোট ৪ জন সদস্য। আগের অভিজ্ঞতা ছিল বলে বাড়তি কোনো চাপ অনুভব করিনি। শুরুতে নিজের পরিচয় দিতে বলা হয়। এরপর জানতে চাওয়া হয় এখন কী করছি। বেসরকারি সংস্থায় চাকরি করেছি শুনে ওই সংস্থার কাজ সম্পর্কে খুঁটিয়ে প্রশ্ন করা হয়। শেষে একজন সদস্য বিষয়ভিত্তিক নানা প্রশ্ন করেন। চূড়ান্ত সফল হয়ে গত বছর (২০১৮ সালের ৯ অক্টোবর) চাকরিতে যোগ দিয়েছি। পোস্টিং হয়েছে খড়গপুর সাব-ডিভিশনে।

**সাফল্যের জন্য দরকার :** (১) নিজের ট্রেড সম্পর্কে গভীর জ্ঞান (২) বিশেষজ্ঞের অধীনে প্রশিক্ষণ (৩) গ্রুপ স্টাডি (৪) লাগাতার প্রস্তুতি।

## ৯০ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

মেশিনিস্ট, ইলেক্ট্রিশিয়ান, ইন্সট্রুমেন্ট মেকানিক, ইলেক্ট্রনিক মেকানিক, পি.এ.এস.এ.এ./সি.ও.পি.ও, ওয়েল্ডার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা সংশ্লিষ্ট ট্রেডের জন্য আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৪ থেকে ২৪ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৩৭ সেমি, ওজন অন্তত ২৫.৪ কেজি। ১ বছরের ট্রেনিং। তখন মাসে স্টাইপেন্ড পাবেন। শূন্যপদ : ফিটারে ২৫টি, টার্নারে ৫টি, মেশিনিস্টে ৫টি, ইলেক্ট্রিশিয়ানে ২৫টি, ইন্সট্রুমেন্ট মেকানিক ১০টি, ইলেক্ট্রনিক মেকানিকে ১০টি, পি.এ.এস.এ.এ. ৫টি, ওয়েল্ডার ৫টি। বিজ্ঞপ্তি নং : KAKRAPAR GUJARAT SITE/HRM/APPRENTICE/2019. প্রার্থী বাছাই হবে আই.টি.আই. কোর্সে পাওয়া নম্বর দেখে।

দরখাস্ত করবেন নির্দিষ্ট ফর্মে। দরখাস্তের ফর্ম ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইট থেকে : www.npcil.nic.in/HR Management/ Opportunities তখন সঙ্গে দেবেন যাবতীয় প্রমাণপত্রের স্ব-প্রত্যয়িত নকল আর এখনকার তোলা ১ কপি পাশপোর্ট মাপের ফটো। দরখাস্ত পৌঁছনো চাই ৩০ মার্চের মধ্যে। এই ঠিকানায় : The Manager (HRM), Nuclear Power Corporation of India Limited, Kakrapar Gujarat Site, P.O. - Anumala, Via-Vyara, Dist Tapi, Pin-394651, Gujarat

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# রাজ্য পুলিশের কনস্টেবল পদের পরীক্ষার সম্ভাব্য ১ সেট প্রশ্নের চটপট উত্তর বের করার কৌশল



পশ্চিমবঙ্গ রাজ্য পুলিশে 'কনস্টেবল' পদে ৮,৪১৯ জন ছেলে নেওয়া হচ্ছে। দরখাস্ত খুঁটিয়ে দেখে প্রাথমিক বাছাই প্রার্থীদের প্রথমে প্রিলিমিনারি লিখিত পরীক্ষার জন্য ডাকা হবে। এই পরীক্ষায় ১০০ নম্বরের অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) জেনারেল অ্যাওয়ারনেস ও জেনারেল নলেজ -৫০ নম্বর, (খ) এলিমেন্টারি ম্যাথমেটিক্স (মাধ্যমিক মানের) -৩০ নম্বর, (গ) রিজনিং-২০ নম্বর। নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। প্রশ্ন হবে বাংলা ও নেপালী ভাষায়। এই পরীক্ষায় ঠিক যে ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ১ সেট প্রশ্নের উত্তর নিয়ে বিশ্লেষণ করে দেখালেন চাকরির পরীক্ষার বিশেষজ্ঞ **শুচিস্মিতা দে।**

**1.** 'আর্মস অ্যান্ড দি ম্যান' বইটি কার লেখা?
(a) উইলিয়াম সমারসেট মউঘম (b) চার্লস ডিকেন্স (c) জর্জ বার্নার্ড শ (d) লিও টলস্টয়

**2.** 'গরিবি হঠাও' স্লোগানটি কত সালে উত্থাপিত হয়েছিল?
(a) 1958 (b) 1966 (c) 1971 (d) 1980

**3.** 'স্বরাজ' একটি জাতীয় দাবি হিসাবে প্রথম কে পেশ করেছিলেন?
(a) চিত্তরঞ্জন দাশ (b) জওহরলাল নেহরু (c) দাদাভাই নওরোজি (d) বালগঙ্গাধর তিলক

**4.** 'হুতোম প্যাঁচার নকশা' কার লেখা?
(a) প্যারীচাঁদ মিত্র (b) কালীপ্রসন্ন সিংহ (c) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (d) অক্ষয় কুমার দত্ত

**5.** নিরক্ষীয় অঞ্চলে পৃথিবীর ব্যাস কত?
(a) 4,200 কিলোমিটার (b) 6,400 কিলোমিটার (c) 12,800 কিলোমিটার (d) 15,600 কিলোমিটার

**6.** বিরজু মহারাজ নীচের কোন ধ্রুপদী নৃত্যের সঙ্গে যুক্ত?
(a) মণিপুরী (b) কথাকলি (c) ওড়িশি (d) কত্থক

**7.** ক্রিকেট খেলায় একটি উইকেটের দৈর্ঘ্য কত হয়?
(a) 28 ইঞ্চি (b) 32 ইঞ্চি (c) 2 ফুট (d) 27 ইঞ্চি

**8.** 'অধীনতামূলক মিত্রতা নীতি'র প্রবর্তক কে?
(a) লর্ড কর্নওয়ালিস (b) লর্ড ওয়েলেসলি (c) লর্ড বেন্টিঙ্ক (d) লর্ড আমহার্স্ট

**9.** নীচের কোন পরীক্ষাটি দিয়ে ক্যান্সার নির্ণয় করা হয়?
(a) এক্স-রে (b) মূত্র পরীক্ষা (c) রক্ত পরীক্ষা (d) বায়োপসি পরীক্ষা

**10.** নীচের কোন ক্ষেত্রটিতে 'বি.সি.রায়' পুরস্কার দেওয়া হয়?
(a) সাংবাদিকতা (b) চিকিৎসা (c) সঙ্গীত (d) পরিবেশ

**11.** নীচের কোনটি ভিটামিন 'ডি'এর একটি উৎকৃষ্ট উৎস?
(a) কড লিভার অয়েল (b) পালং শাক (c) দুধ (d) চিজ

**12.** নীচের কোনটি পশ্চিমবাহিনী নদী?
(a) গঙ্গা (b) মহানদী (c) নর্মদা (d) গোদাবরী

**13.** নীচের কোনটির অভাবে মানবদেহে 'গয়টার' রোগ হয়?
(a) ফসফরাস (b) ভিটামিন (c) আয়োডিন (d) ক্যালশিয়াম

**14.** পশ্চিমবঙ্গে ক'টি লোকসভা আসন আছে?
(a) 30 (b) 40 (c) 42 (d) 50

**15.** প্রতিবছর নীচের কোন শহরটি থেকে 'নোবেল' পুরস্কার দেওয়া হয়?
(a) ম্যানিলা (b) স্টকহলম (c) জেনেভা (d) নিউ ইয়র্ক

**16.** ভারতীয় সংবিধানের কোন অধ্যায়ে 'রাষ্ট্র পরিচালনার নির্দেশমূলক নীতিসমূহ'গুলি আছে?
(a) প্রথম (b) দ্বিতীয় (c) তৃতীয় (d) চতুর্থ

**17.** মোগল শাসনে ভারতের সবথেকে বড় বন্দর কোনটি ছিল?
(a) বালাসোর (b) তাম্রলিপ্ত (c) সুরাত (d) চট্টগ্রাম

**18.** কে 'অর্থনীতির জনক' নামে পরিচিত?
(a) ম্যাক্স মুলার (b) কার্ল মার্কস (c) অ্যাডাম স্মিথ (d) অমর্ত্য সেন

**19.** কোন অর্থনৈতিক পরিকল্পনাকালে দুর্গাপুর, ভিলাই ও রৌরকেল্লাতে ইস্পাত কেন্দ্র স্থাপিত হয়?
(a) প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনা (b) দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা (c) তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা (d) চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনা

**20.** কোন উদ্ভিজ্জ তেলে প্রয়োজনীয় ফ্যাটি অ্যাসিড থাকে?
(a) সূর্যমুখী তেল (b) সরিষার তেল (c) নারকেল তেল (d) বাদাম তেল

**21.** ভারতের কোন রাজ্যে 'রিহান্দ জলবিদ্যুৎ কেন্দ্র' আছে?
(a) গুজরাত (b) হিমাচল প্রদেশ (c) উত্তর প্রদেশ (d) বিহার

**22.** কাকে ভারতীয় চলচ্চিত্রের 'ট্র্যাজেডি কিং' বলে?
(a) রাজ কাপুর (b) দিলীপ কুমার (c) ভারত ভূষণ (d) অশোক কুমার

**23.** কত সালে ঔরঙ্গজেবের মৃত্যু হয়?
(a) 1690 (b) 1699 (c) 1700 (d) 1707

**24.** সাপ্তাহিক পত্রিকা 'বেঙ্গল গেজেট' কে প্রকাশ করেছিলেন?
(a) রাজা রামমোহন রায় (b) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (c) জেমস অগাস্টাস হিকি (d) ডিরোজিও

**25.** 'সুপ্রিম কোর্ট'এর বিচারকদের অবসরের বয়স কত?
(a) 60 (b) 62 (c) 65 (d) 68

**26.** 'হাইপোগ্লাইসিমিয়া' রোগে মানবদেহে রক্তে শর্করার মাত্রা —
(a) বেড়ে যায় (b) কমে যায় (c) একই থাকে (d) কোনোটিই নয়

**27.** জল বরফে পরিণত হলে নীচের কোনটি ঘটবে?
(a) আয়তন বাড়বে (b) আয়তন কমবে (c) আয়তন প্রথমে বাড়বে তারপর কমবে (d) আয়তন একই থাকবে

**28.** ডঃ সেলিম আলি কে ছিলেন?
(a) অর্থনীতিবিদ (b) ভূতত্ত্ববিদ (c) মহাকাশ বিজ্ঞানী (d) পক্ষীবিদ

**29.** আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ ভারতের কোন হাই কোর্টের আওতায় পড়ে?
(a) কলকাতা হাই কোর্ট (b) চেন্নাই হাই কোর্ট (c) হায়দরাবাদ হাই কোর্ট (d) তিরুবনন্তপুরম হাই কোর্ট

**30.** আকবর, জৈন ধর্মগুরু হরি বিজয় সুরিকে কী উপাধি দিয়েছিলেন?
(a) জগৎপ্রতাপ (b) জগৎগুরু (c) জগৎপ্রভু (d) দীনপ্রভু

**31.** দক্ষিণ আমেরিকা মহাদেশের পশ্চিমদিকে কোন মহাসাগর আছে?
(a) আতলান্তিক মহাসাগর (b) প্রশান্ত মহাসাগর (c) ভারত মহাসাগর (d) সুমেরু মহাসাগর

**32.** নীচের কোন নদীটির ঐতিহাসিক নাম 'অক্সাস'?
(a) ইউফ্রেটিস (b) টাইগ্রিস (c) আমু দরিয়া (d) শির দরিয়া

**33.** 'পশমিনা' হল একধরণের —
(a) গাছ (b) বালি (c) উল (d) পতঙ্গ

**34.** সুপ্রিম কোর্টের সংবিধান স্বীকৃত বিচারক সংখ্যা এখন কত?
(a) 24 (b) 28 (c) 31 (d) 35

**35.** 2019 সালে 'Earth Hour' কত তারিখে পালিত হয়েছে
(a) 29 মার্চ (b) 30 মার্চ (c) 28 মার্চ (d) 21 মার্চ

**36.** ভারতের সংখ্যালঘু সম্প্রদায় কোনগুলি?
(a) শিখ, মুসলিম, খ্রিস্টান, জোরাস্ট্রিয়ান, বৌদ্ধ ও জৈন (b) শিখ, মুসলিম, খ্রিস্টান, সান্তাড়, বৌদ্ধ ও জৈন (c) পারসি, মুসলিম, খ্রিস্টান, জোরাস্ট্রিয়ান, বৌদ্ধ, জৈন ও মুণ্ডা (d) শিখ, মুসলিম, পারসি, জোরাস্ট্রিয়ান, বৌদ্ধ ও জৈন

**37.** ভারতের জাতীয় জলচর প্রাণী কোনটি?
(a) ইলিশ মাছ (b) অজগর সাপ (c) রুই মাছ (d) ডলফিন

**38.** কোন পর্বতমালা গাঙ্গেয় সমভূমি ও দাক্ষিণাত্য মালভূমির মধ্যে প্রাকৃতিক সীমারেখা তৈরি করেছে?
(a) বিন্ধ্য (b) আরাবল্লী (c) রাজমহল (d) সাতপুরা

**39.** কোন বংশের শাসকরা বিক্রমশিলা মহাবিহার নির্মাণ করেন?
(a) গুপ্ত (b) নন্দ (c) মৌর্য (d) পাল

**40.** কোন মোগল সম্রাট 'রোশন আখতার' নামে পরিচিত ছিলেন?
(a) দ্বিতীয় শাহ আলম (b) দ্বিতীয় আকবর (c) মুহম্মদ শাহ (d) বাহাদুর শাহ জাফর

**41.** কোন সংবিধান সংশোধনের মাধ্যমে ভারতের জাতীয় কেন্দ্রশাসিত অঞ্চল দিল্লি গঠন করা হয়?
(a) 52তম (b) 62তম (c) 69তম (d) 72তম

**42.** কত সালে ভারতে 'প্রজেক্ট স্নো লেপার্ড' চালু হয়?
(a) 2009 (b) 2010 (c) 2011 (d) 2012

**43.** গ্রীষ্মকালে ক্রান্তীয় পর্ণমোচী উদ্ভিদের পাতা ঝড়ে যায় কেন?
(a) মাটি থেকে জল শোষণ কমে যাওয়ার জন্য (b) পাতার বাষ্পীভবনের ফলে জল কমে যাওয়ার জন্য (c) বায়ুমণ্ডলের শুষ্কতা বেড়ে যাওয়ার জন্য (d) বায়ুমণ্ডলের আর্দ্রতা বেড়ে যাওয়ার জন্য

**44.** শের শাহ সুরির শাসনকালে কোন অঙ্গরাজ্যের শাসককে 'কাজী ফজিলৎ' নামে অভিহিত করা হত?
(a) বাংলা (b) বিহার (c) অযোধ্যা (d) ওড়িশা

**45.** ভারতের নবীনতম বৃহৎ সমুদ্র বন্দর কোনটি?
(a) এন্নোর বন্দর (b) কলকাতা বন্দর (c) পোর্ট ব্লেয়ার বন্দর (d) তুতিকোরিন বন্দর

**46.** ভারতীয় সংবিধানের অষ্টম তফসিলে কতগুলি সরকারি ভাষাকে স্বীকৃতি দেওয়া হয়েছে?
(a) 18 (b) 19 (c) 21 (d) 22

**47.** প্রধানত কোন রোগ দূরীকরণের জন্য 'বি.সি.জি' টিকাকরণ করা হয়?
(a) ম্যালেরিয়া (b) জন্ডিস (c) জাপানি এনকেফেলাইটিস (d) টিউবারকুলোসিস

**48.** নীচের কোন উৎসেচকটি শুধু গবাদি পশুর পরিপাকতন্ত্রে পাওয়া যায়?
(a) গ্যালাকটোজ (b) মলটোজ (c) সেলুলোজ (d) অ্যামাইলোজ

**49.** কিছু বন্যপ্রাণীর দেহে ডোরাকাটা দাগ থাকে কেন?
(a) শিকারের সুবিধার জন্য (b) ছদ্মবেশ ধারণের সুবিধার জন্য (c) গাছে ওঠার সুবিধার জন্য (d) সাঁতার কাটার সুবিধার জন্য

**50.** 'ভিয়েনা কনভেনশন' নীচের কোনটির সঙ্গে যুক্ত?
(a) ব্যাঘ্র সংরক্ষণ (b) জলাভূমি সংরক্ষণ (c) মহাকাশ গবেষণা (d) ওজন স্তর সংরক্ষণ

**51.** তিন বন্ধু যথাক্রমে 2,000 টাকা, 2,500 টাকা ও 1,000 টাকা বিনিয়োগ করে একটি ব্যবসা শুরু করল। যদি মোট লাভের পরিমাণ হয় 880 টাকা, তাহলে তৃতীয় বন্ধুর লভ্যাংশ কত টাকা হবে?
(a) 400 (b) 350 (c) 180 (d) 160

**52.** 0.7 ও 0.5 এর গুণফল কত?
(a) 35 (b) 0.35 (c) 0.0035 (d) 0.035

**53.** 15 : 25 : : 6 : ?
(a) 9 (b) 10 (c) 30 (d) 15

**54.** 15 টাকা/কেজি ও 20 টাকা/কেজি দরের দুই রকম চা কী অনুপাতে মিশালে মিশ্র চায়ের মূল্য হবে 16.50 টাকা/কেজি?
(a) 3 : 7 (b) 7 : 3 (c) 5 : 7 (d) 7 : 5

**55.** 5.87 – 1.49 + 3.028 = ?
(a) 7.508 (b) 8.898 (c) 4.38 (d) 7.408

**56.** আমার বর্তমান বয়স আমার পুত্রের বয়সের তিনগুণ। পাঁচ বছর পর আমার বয়স হবে আমার পুত্রের বয়সের আড়াই গুণ। আমার বর্তমান বয়স কত বছর?
(a) 36 (b) 39 (c) 42 (d) 45

**57.** দু'টি সংখ্যার অনুপাত 3 : 5। যদি প্রত্যেকটি সংখ্যা থেকে 9 বিয়োগ করা হয়, তাহলে তাদের অনুপাত হয় 12 : 23। প্রথম সংখ্যাটি কত?
(a) 27 (b) 33 (c) 55 (d) 49

**58.** পরপর 20% ও 10% ছাড় একবারে কত শতাংশ ছাড়ের সমান?
(a) 28 (b) 27 (c) 30 (d) 29

**59.** একটি ক্লাসে 15টি ছাত্রের গড় বয়স 11 বছর। যদি ওই ক্লাসে আরও 5 জন নতুন ছাত্র ভরতি হয়, যাদের গড় বয়স 9 বছর। তাহলে ক্লাসের বর্তমান গড় বয়স কত বছর?
(a) 20 (b) 10 (c) 10.5 (d) 10.33

**60.** কোন ঋণাত্মক সংখ্যার সঙ্গে 17 যোগ করলে ফলাফল ওই সংখ্যাটির অনোন্যকের 60 গুণের সমান হয়?
(a) 3 (b) 10 (c) 15 (d) 20

**61.** 150 মিটার দীর্ঘ একটি ট্রেন 12 সেকেন্ডে একটি ইলেক্ট্রিক পোস্টকে অতিক্রম করে। ট্রেনটির গতিবেগ কত কিলোমিটার/ঘন্টা?
(a) 60 (b) 50 (c) 45 (d) 75

**62.** 160 মিটার দীর্ঘ একটি ট্রেন একজন দণ্ডায়মান ব্যক্তিকে 9 সেকেন্ডে অতিক্রম করে। ট্রেনটির গতিবেগ কত কিলোমিটার/ঘন্টা?
(a) 32 (b) 64 (c) 60 (d) 80

**63.** 3889 + 12.952 – ? = 3854.002
(a) 47.095 (b) 47.752 (c) 47.932 (d) 47.95

**64.** দু'টি নল একটি চৌবাচ্চাকে যথাক্রমে 2 ঘন্টা ও 3 ঘন্টায় ভরতি করে। নলদু'টি একত্রে চৌবাচ্চাটিকে কত মিনিটে ভরতি করবে?
(a) 60 (b) 80 (c) 48 (d) 72

**65.** দু'টি শাড়ি ও চারটি শার্টের মোট মূল্য 1,600 টাকা। ওই একই মূল্যে একটি শাড়ি ও ছয়টি শার্ট পাওয়া যায়। তাহলে 12টি শার্টের মূল্য কত টাকা?
(a) 1,200 (b) 2,400 (c) 4,800 (d) 5000

**66.** পরপর দু'টি জোড় সংখ্যার গুণফল 12768। সংখ্যাদু'টির বড়টি কত?
(a) 110 (b) 108 (c) 114 (d) 112

**67.** বার্ষিক 25% সরলসুদে কোনো নির্দিষ্ট পরিমাণ টাকা কত বছরে 5 গুণ হবে?
(a) 16 (b) 20 (c) 25 (d) 30

**68.** এক বিক্রেতা টাকায় ছয়টি লেবু কেনেন। টাকায় কতগুলি লেবু বিক্রয় করলে তার লাভের হার হবে 20%?
(a) 3 (b) 4 (c) 5 (d) 6

**69.** এক ব্যক্তি 10,000 টাকা 2 বছরের জন্য 20% সরল সুদে ধার দেন। এক বছর পরে তিনি 6,000 টাকা ফেরত পেলেন। পরবর্তী বছরে তিনি কত টাকা পাবেন?
(a) 6,000 (b) 6,800 (c) 7,200 (d) 7,000

**70.** এক ব্যক্তি যদি 10 কিলোমিটার/ঘন্টা গতিবেগের বদলে 14 কিলোমিটার/ঘন্টা গতিবেগে হাঁটেন, তাহলে তিনি আরও 20 কিলোমিটার বেশি হাঁটতে পারেন। তাহলে আসলে তিনি কত কিলোমিটার হেঁটেছিলেন?
(a) 50 (b) 56 (c) 70 (d) 80

**71.** চারটি গরু 2 দিনে 18 বস্তা ঘাস খায়। তাহলে 18টি গরু 2 দিনে কত বস্তা ঘাস খাবে?
(a) 81 (b) 90 (c) 72 (d) 75

**72.** কোনো স্টপেজে না দাঁড়ালে একটি নির্দিষ্ট গন্তব্যের জন্য একটি বাসের গতিবেগ হয় 54 কিলোমিটার/ঘন্টা। বিভিন্ন স্টপেজে দাঁড়ালে ওই একই গন্তব্যের জন্য বাসটির গতিবেগ হয় 45 কিলোমিটার/ঘন্টা। তাহলে প্রতি ঘন্টায় বাসটি কত মিনিটের জন্য স্টপেজে দাঁড়ায়?
(a) 9 (b) 10 (c) 12 (d) 20

**73.** একজন বিক্রেতা 6,000 টাকায় একটি টিভি ক্রয় করেন ও 15% লোকসানে সেটি বিক্রয় করেন। বিক্রয়মূল্য কত টাকা?
(a) 5,100 (b) 5,600 (c) 5,900 (d) 5,910

**74.** একটি পরীক্ষায় একজন পরীক্ষার্থী 30% নম্বর পেয়ে 50 নম্বরের জন্য ফেল করল। অন্য এক পরীক্ষার্থী 32% নম্বর পেয়ে 30 নম্বরের জন্য ফেল করল। কত নম্বরে পরীক্ষাটি হয়েছিল?
(a) 4,000 (b) 1,000 (c) 500 (d) 200

**75.** একটি দ্রব্য 16% লাভে বিক্রয় করা হল। যদি দ্রব্যটি আরও 60 টাকা বেশিতে বিক্রয় করা যেত, তাহলে 20% লাভ হত। দ্রব্যটির ক্রয়মূল্য কত টাকা?

☞ এরপর ৮ পাতায়

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## কর্মখালি

নো টার্গেটে স্পট পেমেন্টে একা / দু'জনে লিখে বা কম্পিউটারে বই কপি, ফর্মফিলাপে আয়। Whitener Allow. A.S - 9051743236

SH

### শিক্ষক / শিক্ষিকা চাই

রামকৃষ্ণ মিশনে ভর্তির সোপান জ্ঞানভারতী শিশু বিদ্যালয়-এ ইংরাজী, গণিত, কম্পিউটার ও বিজ্ঞানের দীর্ঘ পরিশ্রমী শিক্ষক / শিক্ষিকা চাই। মেমারি, বর্ধমান। পিন : ৭১৩১৪৬।

MS

Need 50 Data Entry Opt. M/F (Permanent) min. typing speed 30 WPM, Fixed Sal. 6 – 8K. M- 8420564482

SH (S)

দুর্গাপুরে Pvt. হস্টেলে অভিজ্ঞ রাধুনী, হেল্পার ও Warden চাই। থাকা-খাওয়া ফ্রী। 8900391213, 9593358555.

B

### স্থায়ী কাজ

3 স্টার 5 স্টার হোটেলে কাজের জন্য কর্মী চাই। (বেতন ১১৫০০ - ১৮৫০০)। M : 8583015529.

SA

### স্থায়ী চাকরি

জেলায় জেলায় ATM গার্ড, টাওয়ার Co., নার্সিংহোম, প্রাইভেট Co., হোটেল শোরুমে কাজের জন্য কর্মী চাই। বেতন-12500/- -18500/-. M : 8436485750.

SA

Permanent Cityjob, শূন্যপদ - 56, অনূর্ধ্ব-৩০, মাধ্যমিক+, আয় - 7500-16000, 77/1, Canal St., Kol-48, M-7003607387

SG

Airtel / JIO কাস্টমার কেয়ারে বাংলা জানা M/F সরাসরি নিয়োগ চলছে। বেতন - 10500/-. M - 9123475352.

B

### ব্যাঙ্কে চাকরি

পঃ বঙ্গের সমস্ত জেলার ব্যাঙ্কের ভিতরে বসে স্থায়ী জব, যোগ্যতা - (৮ম - স্নাতক)। বেতন - (9200 – 42300)। পোস্ট - Back office, ক্লার্ক, Junior Manager, Accountant, Data-Entry, Peon. OT-সহ PF, ESI, সুবিধা আছে। M - 9593828446.

SA

প্রতি শনিবারের
কর্মসংস্থান
এখন প্রতি বুধবার বেরোয়
বিজ্ঞাপন দিতে হবে ১ সপ্তাহ আগে শনিবারের মধ্যে বিজ্ঞাপন জমা না দিতে পারলে, ওই বিজ্ঞাপন বেরোনোর নিশ্চয়তা বিষয়ে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
আগামী ৯ মার্চ সংখ্যায় বিজ্ঞাপন বের করতে হলে, বিজ্ঞাপন জমা দিতে হবে ২ মার্চ, বিকেল ৫টার মধ্যে।
একমাত্র পত্রিকা দফতরে।
প্রতি রবিবার অফিস বন্ধ।

## কর্মখালি

মাল্টি ইন্টারন্যাশনাল কোং-তে নদীয়া, উঃ ২৪ পরগনার বিভিন্ন নতুন শাখায় MP/HS পাশ পুঃ/ মহিলা (25+) নেওয়া হবে। মাহিনা 8500 –25000+PF, ESI সুযোগ। Ph.- 9432079742, 9874871159.

SA

নোকিয়া মোবাইলের সেলসের কাজের জন্য অভিজ্ঞতা সম্পন্ন ছেলে চাই, বাইক থাকা আবশ্যক। ধনিয়াখালি- (M) : 9564969175

SH (S)

**ARIJIT'S WORKOUT**

Training & Joining, Min HS passed Girls / Boys. Sports background Preferred. Salary 7500 – 12000. Mobile - 9831642065.

MS

**SBI/JIO/VODA কাস্টঃ কেয়ার বাংলা প্রসেসে**

মাধ্যমিক-স্নাতক (18-35)। অভিজ্ঞ/অনভিজ্ঞ ছেলেমেয়েদের স্পট সিলেকশন। অনভিজ্ঞদের ট্রেনিং অন্তে জয়েনিং। বেতনঃ 12,000 + অন্যান্য সুবিধা। দমদম : 8420666060, গড়িয়া : 9002033880, শিলিগুড়ি -9830771003

R

এক জানলায়
বীরভূম, মুর্শিদাবাদ, মালদা, পুরুলিয়া, বাঁকুড়ার জন্য
কর্মসংস্থান, সংবাদ ও Appointment & Career News -এর বিজ্ঞাপন গ্রহণ কেন্দ্র

বীরভূম ও মুর্শিদাবাদ
UNIQUE MEDIA CHANNEL
"Uttaran", Vivekananda Pally, (Near Vivekananda High School), Bolpur-Santiniketan, Birbhum, PIN -731204, W.B.
Mob:9051120373 / 9531785874
" MANJURI" KALIBARI MORE (EAST SIDE), KANDI, MURSHIDABAD PIN - 742137
Mob : 9531785874 / 9051120373
Email : bkrishnapal@gmail.com

পুরুলিয়া ও বাঁকুড়া
Manorama Ad Agency
Manorama Collection, P.N Ghosh Street, Purulia - 723 101
Mob. : 9434219781/9851559301
Email : manoramaadagency@gmail.com kunaldutta858@gmail.com

উত্তর কলকাতা
SUPRIYA PUBLICITY
100, Aurobindo Sarani, Room No. E-15 Hatibagan, Kolkata - 700 006
Mob. : 8777258122
Ph. : 033 2533 5320
Email : ashimchowdhury12@gmail.com

দক্ষিণ ২৪ পরগণা
Authenza Media Infotech Pvt. Ltd.
N3 Srinagar Main Road, Kolkata - 700 094
Tel. : 033 2423 0349
8100960001
Email : onlineadbooking1@gmail.com

সংস্থান প্রকাশনের বিজ্ঞাপন গ্রহণ কেন্দ্র খোলার জন্য আবেদন করুন এই ই-মেল আইডিতে
appointmentnews@gmail.com
অথবা
যোগাযোগ করুন এই নম্বরে - 9874922004

## ২ পুরসভায় ২৯

১ পাতার পর

স্বাস্থ্য ও খেলোধুলায় দক্ষতা থাকলে যোগ্য। মূল মাইনে : ৪,৯০০-১৬,২০০ টাকা ও গ্রেড পে ১,৭০০ টাকা। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, তঃজাঃ ১)।

**সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল)** : সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। বয়স হতে হবে ২৪ থেকে ৪০ বছরের মধ্যে। মূল মাইনে : ৯,০০০-৪০,৫০০ টাকা ও গ্রেড পে ৪,৪০০ টাকা। শূন্যপদ : ১টি (তঃজাঃ)।

**সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল)** : ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। বয়স হতে হবে ২৪ থেকে ৪০ বছরের মধ্যে। মূল মাইনে : ৯,০০০-৪০,৫০০ টাকা ও গ্রেড পে ৪,৪০০ টাকা। শূন্যপদ : ১টি (তঃজাঃ)।

**পিওন** : ক্লাস এইট পাশরা যোগ্য। ভালো স্বাস্থ্য ও খেলাধুলায় দক্ষতা থাকলে অগ্রাধিকার পাবেন। বয়স হতে হবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪,৯০০-১৬,২০০ টাকা ও গ্রেড পে ১,৭০০ টাকা। শূন্যপদ : ১টি (জেনাঃ)।

**ওয়ার্ক সরকার** : ক্লাস নাইন পাশরা যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। মূল মাইনে : ৫,৪০০-২৫,২০০ টাকা ও গ্রেড পে ২,৩০০ টাকা। শূন্যপদ : ১টি (জেনাঃ)।

**রেকর্ডার** : ক্লাস এইট পাশরা ইংরিজিতে জ্ঞান থাকলে যোগ্য। মাধ্যমিক পাশ হলে ভালো হয়। বয়স হতে হবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। মূল মাইনে : ৫,৪০০-২৫,২০০ টাকা ও গ্রেড পে ২,৩০০ টাকা। শূন্যপদ : ১টি (জেনাঃ)।

**স্টোরকীপার** : মাধ্যমিক পাশরা যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। মূল মাইনে : ৫,৪০০-২৫,২০০ টাকা ও গ্রেড পে ২,৬০০ টাকা। শূন্যপদ : ১টি (জেনাঃ)।

প্রার্থী বাছাই হবে টেস্ট বা, ইন্টারভিউয়ের মাধ্যমে। ৫০ নম্বরের পরীক্ষায় ৫০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার পদের বেলায় প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) জেনারেল নলেজ অ্যান্ড কারেন্ট অ্যাফেয়ার্স, (খ) জেনারেল ইংলিশ, (গ) অঙ্ক, (ঘ) সিভিল ইঞ্জিনিয়ারিং। স্টোরকীপার পদের বেলায় প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) জেনারেল নলেজ অ্যান্ড কারেন্ট অ্যাফেয়ার্স, (খ) জেনারেল ইংলিশ, (গ) জেনারেল সায়েন্স, (ঘ) ইতিহাস, (ঙ) ভূগোল, (চ) অঙ্ক।

পাম্প অপারেটর, রেকর্ডার বা, ওয়ার্ক সরকার পদের বেলায় প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) জেনারেল নলেজ অ্যান্ড কারেন্ট অ্যাফেয়ার্স, (খ) জেনারেল ইংলিশ, (গ) জেনারেল সায়েন্স, (ঘ) ইতিহাস, (ঙ) ভূগোল, (চ) অঙ্ক। পিওন বা, মজদুর পদের বেলায় প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) জেনারেল নলেজ অ্যান্ড কারেন্ট অ্যাফেয়ার্স, (খ) জেনারেল ইংলিশ, (গ) জেনারেল সায়েন্স, (ঘ) ইতিহাস, (ঙ) ভূগোল, (চ) বাংলা। এরপর হবে ইন্টারভিউ। নেগেটিভ মার্কিং নেই।

দরখাস্ত করবেন সাধারণ কাগজে, নির্দিষ্ট বয়ানে। বয়ান পাবেন এই ওয়েবসাইটে : www.dyhulianmunicipality.gov.in তখন সঙ্গে দেবেন : (১) বয়স, শিক্ষাগত যোগ্যতা, কাস্ট সার্টিফিকেটের স্ব-প্রত্যয়িত নকল, (২) এখনকার তোলা ও স্ব-প্রত্যয়িত করা ৩ কপি পাশপোর্ট মাপের রঙিন ফটো (১ কপি দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে ও ২ কপি দরখাস্তের সঙ্গে গেঁথে), (৩) সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার পদের বেলায় ৩০০ টাকার, স্টোরকীপার, পাম্প অপারেটর, রেকর্ডার ও ওয়ার্ক সরকার পদের বেলায় ২০০ টাকার আর পিওন ও মজদুর পদের বেলায় ১০০ টাকার ডিমান্ড ড্রাফট বা, পে অর্ডার কাটবেন। 'Chairman, Dhulian Municipality'র অনুকূলে ও পেয়েবল অ্যাট লিখবেন 'Dhuliyan'. দরখাস্ত -ভরা খামের ওপর লিখবেন (i) Employment Notice No 1745/Emp/DM Date; 18.03.2019 (ii) Name of the post applied for.......... দরখাস্ত পৌঁছনো চাই ১১ মার্চের মধ্যে। এই ঠিকানায় : The Chairman, Dhuliyan Municipality, Dhuliayan Pakur Road, P.O. Dhulian, District - Murshidabad, Pin - 742 202 (WB).

## ইন্ডিয়ান অয়েলে

১ পাতার পর

**ট্রেড অ্যাপ্রেন্টিস** : মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ফিটার, ইলেক্ট্রিশিয়ান, ইলেক্ট্রনিক মেকানিক, ইন্সট্রুমেন্ট মেকানিক বা, মেশিনিস্ট ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস** : মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইন্সট্রুমেন্টেশন, সিভিল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, বা, ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য।

**ট্রেড অ্যাপ্রেন্টিস-অ্যাকাউন্ট্যান্ট** : মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন।

সব ক্ষেত্রে বয়স হতে হবে ৩১-১-২০১৯'এর হিসাবে ১৮ থেকে ২৪ বছরের মধ্যে। ১ বছরের ট্রেনিং।

শূন্যপদ : মহারাষ্ট্র— ট্রেড অ্যাপ্রেন্টিস (ফিটার, ইলেক্ট্রিশিয়ান, ইলেক্ট্রনিক্স মেকানিক, ইন্সট্রুমেন্ট মেকানিক, মেশিনিস্ট) ৪৮টি (জেনাঃ ২৬, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ৪, ও.বি.সি. ১৩)। ট্রেড অ্যাপ্রেন্টিস (অ্যাকাউন্ট্যান্ট) ১২৪টি (জেনাঃ ৬২, তঃজাঃ ১২, তঃউঃজাঃ ১০, ও.বি.সি. ৩২, প্রতিবন্ধী ৮)। টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইন্সট্রুমেন্টেশন, সিভিল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, ইলেক্ট্রনিক্স) ৫১টি (জেনাঃ ২৮, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ৪, ও.বি.সি. ১৪)।

গুজরাট— ট্রেড অ্যাপ্রেন্টিস (ফিটার, ইলেক্ট্রিশিয়ান, ইলেক্ট্রনিক্স মেকানিক, ইন্সট্রুমেন্ট মেকানিক, মেশিনিস্ট) ১৬টি (জেনাঃ ৯, তঃজাঃ ১, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৪)। ট্রেড অ্যাপ্রেন্টিস (অ্যাকাউন্ট্যান্ট) ৫০টি (জেনাঃ ২৫, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ৭, ও.বি.সি. ১৩, প্রতিবন্ধী ২)। টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইন্সট্রুমেন্টেশন, সিভিল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, ইলেক্ট্রনিক্স) ১৬টি (জেনাঃ ৯, তঃজাঃ ১, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৪)।

গোয়া — ট্রেড অ্যাপ্রেন্টিস (ফিটার, ইলেক্ট্রিশিয়ান, ইলেক্ট্রনিক্স মেকানিক, ইন্সট্রুমেন্ট মেকানিক, মেশিনিস্ট) ১টি (জেনাঃ)। ট্রেড অ্যাপ্রেন্টিস (অ্যাকাউন্ট্যান্ট) ৪টি (জেনাঃ)। টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইন্সট্রুমেন্টেশন, সিভিল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, ইলেক্ট্রনিক্স) ১টি (জেনাঃ)।

দাদরা ও নগর হাভেলি— ট্রেড অ্যাপ্রেন্টিস (অ্যাকাউন্ট্যান্ট) ২টি (জেনাঃ)। টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইন্সট্রুমেন্টেশন, সিভিল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, ইলেক্ট্রনিক্স) ১টি (জেনাঃ)।

মধ্যপ্রদেশ — টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইন্সট্রুমেন্টেশন, সিভিল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, ইলেক্ট্রনিক্স) ২৪টি (জেনাঃ ১৪, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ৪, ও.বি.সি. ৩)।

ছত্তিশগড় — টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইন্সট্রুমেন্টেশন, সিভিল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, ইলেক্ট্রনিক্স) ৬টি (জেনাঃ ৫, তঃউঃজাঃ ১)। ট্রেড অ্যাপ্রেন্টিস (অ্যাকাউন্ট্যান্ট) ৮টি (জেনাঃ ৬, তঃউঃজাঃ ২)।

এই পদের বিজ্ঞপ্তি নং : IOCL/MKTG/WR/APPR./2019-2nd Cycle for Accountant / Technician / Trade Apprentices.

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। সফল হলে ইন্টারভিউ হবে। দরখাস্ত করবেন অনলাইনে, ৭ মার্চ পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.iocl.com/peopleCareers/job.aspx এজন্য বৈধ একটি ই-মেল আইডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের রঙিন ফটো, সিগনেচার, বয়স, শিক্ষাগত যোগ্যতা ও কাস্ট সার্টিফিকেটের স্ব-প্রত্যয়িত নকল স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

ALP -এর "সাইকো টেস্ট" এর জন্য নতুন ব্যাচ শুরু হচ্ছে। ONLINE Practice এর ব্যবস্থা আছে।
R.R.B - JE Special
Batch -এ ভর্তি চলছে।
(CBT - 1 + CBT - 2)
সপ্তাহে ২ দিন ONLINE MOCK TEST
itee
দমদম - 9830859046
বারাসাত - 9804820827
B.TECH, DIPLOMA & I.T.I পাশ student দের
কেন্দ্রীয় ও রাজ্য সরকারি চাকরির প্রশিক্ষণ।
SSC-JE, SAIL, DRDO, TCL, DCL, KMDA, KMC, PDCL ইত্যাদি
itee এর সাফল্য লক্ষ্য করুন www.iteeonlineportal.com -এ
PSC & KMC এর Interview class -এর জন্য ভর্তি চলছে।

ALP Psycho
প্রতিদিন নতুন ব্যাচে ক্লাস চলছে।
বিশদে জানতে : "Tapoban Study Centre for Technical" YouTube Channel / FB Page visit করুন।
ভর্তি চলছে
RRB NTPC (Non-Tech)
New Batch 1st মার্চ, 11 A.M
Tech Combined
New Batch 1st মার্চ, 11 A.M
RLY JE ব্যাচ 28th March
তপোবন স্টাডি সেন্টার ফর টেকনিক্যাল® Govt. Regd.
ভদ্রেশ্বর, জেলা : হুগলি আমাদের কোনো শাখা নেই
M : 8820022385, 9681026768
(8 am-5 pm), প্রতিদিন খোলা • মাসিক মাইনে • হোস্টেল আছে

## ধুলিয়ান পুরসভায়

ধুলিয়ান পুরসভা মজদুর, পিওন, সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার ও পাম্প অপারেটর পদে ১৫ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**মজদুর** : ক্লাস এইট পাশরা ভালো স্বাস্থ্য ও খেলোধূলায় দক্ষতা থাকলে যোগ্য। মূল মাইনে : ৪,৯০০-১৬,২০০ টাকা ও গ্রেড পে ১,৭০০ টাকা। শূন্যপদ : ৭টি (জেনাঃ ১, জেনাঃ প্রাঃসঃকঃ ১, জেনাঃ ই.সি. ১, তঃজাঃ ১, তঃজাঃ ই.সি. ১, ও.বি.সি. এ ক্যাটেগরি ১, তঃউঃজাঃ ১)।

**পাম্প অপারেটর** : ইলেক্ট্রিক্যাল ওয়ার্কম্যানশিপ সার্টিফিকেট কোর্স পাশ হলে আর ইলেক্ট্রিক্যাল ওয়ার্কম্যানশিপের কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকলে যোগ্য। মূল মাইনে : ৫,৪০০-২৫,২০০ টাকা ও গ্রেড পে ২,৩০০ টাকা। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, তঃজাঃ ১)।

**সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার** : সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। বয়স হতে হবে ২৪ থেকে ৪০ বছরের মধ্যে। মূল মাইনে : ৯,০০০-৪০,৫০০ টাকা ও গ্রেড পে ৪,৪০০ টাকা। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, তঃজাঃ ১)।

**পিওন** : ক্লাস এইট পাশরা যোগ্য। ভালো স্বাস্থ্য ও খেলাধূলায় দক্ষতা থাকলে অগ্রাধিকার পাবেন। বয়স হতে হবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪,৯০০-১৬,২০০ টাকা ও গ্রেড পে ১,৭০০ টাকা। শূন্যপদ : ১টি (জেনাঃ)।

**ওয়ার্ক সরকার** : ক্লাস নাইন পাশরা যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। মূল মাইনে : ৫,৪০০-২৫,২০০ টাকা ও গ্রেড পে ২,৩০০ টাকা। শূন্যপদ : ১টি (জেনাঃ)।

**রেকর্ডার** : ক্লাস এইট পাশরা ইংরিজিতে জ্ঞান থাকলে যোগ্য। মাধ্যমিক পাশ হলে ভালো হয়। বয়স হতে হবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। মূল মাইনে : ৫,৪০০-২৫,২০০ টাকা ও গ্রেড পে ২,৩০০ টাকা। শূন্যপদ : ১টি (জেনাঃ)।

**স্টোরকীপার** : মাধ্যমিক পাশরা যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। মূল মাইনে : ৫,৪০০-২৫,২০০ টাকা ও গ্রেড পে ২,৬০০ টাকা। শূন্যপদ : ১টি (জেনাঃ)।

১১। নিষিদ্ধ পঞ্জাবি কবিতা 'খুনি বৈশাখী' সম্প্রতি ইংরিজি ভাষায় প্রকাশিত হল। বইটির লেখক কে — নানক সিং ('জালিয়ানওয়ালাবাগের হত্যাকাণ্ড'এর সময়ে লেখা এই বইটি ১৯২০ সালে প্রকাশিত হওয়ার পর ব্রিটিশরা তা নিষিদ্ধ করে দেয়)।

১২। ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি বয়স্ক মানুষদের জন্য অবসরভাতা প্রকল্প 'মুখ্যমন্ত্রী বৃদ্ধজন পেনশন যোজনা' (MVPY) চালু করেছে — বিহার সরকার।

১৩। ২০১৯ সালে ভারতের কোন রাজ্যের কোন শহরে পঞ্চম 'আন্তর্জাতিক বাঁধ নিরাপত্তা সম্মেলন' অনুষ্ঠিত হয়েছে — ওড়িশার ভুবনেশ্বর শহরে।

১৪। ২০১৯ সালে ভারতের কোন শহরে তৃতীয় 'ইন্দো-জার্মান এনভায়রনমেন্ট ফোরাম' অনুষ্ঠিত হয়েছে — নয়াদিল্লি।

১৫। সম্প্রতি নয়াদিল্লি স্টেশন থেকে সম্পূর্ণ দেশীয় প্রযুক্তিতে তৈরি ভারতের প্রথম সেমি হাইস্পিড ট্রেন



'বন্দে ভারত এক্সপ্রেস'এর উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র দামোদরদাস মোদী। এখন এই ট্রেনটি কোন রুটে চলবে — নয়াদিল্লি থেকে বারাণসী পর্যন্ত।

১৬। ২০১৯ সালে নয়াদিল্লিতে অনুষ্ঠিত তৃতীয় 'ইন্দো-জার্মান এনভায়রনমেন্ট ফোরাম'এর থিম কী ছিল — ক্লিনার এয়ার, গ্রিনার ইকোনমি।

১৭। 'Undaunted : Saving the Idea of India' বইটির লেখক কে — প্রাক্তন কেন্দ্রীয় অর্থমন্ত্রী পালানিয়াপ্পান চিদাম্বরম।

১৮। ২০১৯ সালে 'ব্রিটিশ আকাদেমি অফ ফিল্ম অ্যান্ড টেলিভিশন আর্টস' পুরস্কারে (BAFTAs) কোন চলচ্চিত্র 'সেরা চলচ্চিত্র'এর সম্মান পেল — রোমা।

১৯। 'সেন্ট্রাল বোর্ড অফ ডিরেক্ট ট্যাক্সেস'এর (CBDT) চেয়ারম্যান এখন কে — প্রমোদ চন্দ্র মোদী।

২০। ২০১৯ সালে নয়াদিল্লিতে অনুষ্ঠিত 'ওয়ার্ল্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট সামিট'এর (WSDS) থিম কী ছিল — অ্যাটেইনিং দ্য ২০৩০ অ্যাজেন্ডা : ডেলিভারিং অন আওয়ার প্রমিস।

২১। ২০১৮ সালে কে 'বছরের সেরা আনস্টি অ্যান্ড ইয়ং অন্ত্রেঁপ্রেনার'এর সম্মান পেলেন — 'ইচের মোটরস'এর ম্যানেজিং ডিরেক্টর ও চিফ এক্সিকিউটিভ অফিসার সিদ্ধার্থ লাল।

২২। ২০১৯ সালে কে 'পিপল ফর দ্য এথিক্যাল ট্রিটমেন্ট অফ অ্যানিম্যালস'এর (PETA) 'অস্কার্ট' পুরস্কার পেলেন — মার্কিনি অভিনেতা ও চলচ্চিত্র পরিচালক ব্র্যাডলি চার্লস কুপার।

২৩। কে সম্প্রতি হোয়াটসঅ্যাপে নিজের প্রথম বই 'নো ফ্রেন্ডস বাট দি মাউন্টেন' লিখে অস্ট্রেলিয়ায় সাহিত্যের সেরা 'ভিক্টোরিয়ান পুরস্কার' পেলেন — ইরানি শরণার্থী বেহরুজ বুচানি।

২৪। ২০১৯ সালে 'ন্যাশনাল প্রোডাক্টিভিটি কাউন্সিল'এর (NPC) থিম কী ছিল — সার্কুলার ইকোনমি ফর প্রোডাক্টিভিটি অ্যান্ড সাসটেইনেবিলিটি।

২৫। ২০১৯ সালে ভারতের কোন শহরে 'লাওয়াসিয়া মানবাধিকার সম্মেলন' অনুষ্ঠিত হয়েছে — নয়াদিল্লি।

২৬। ২০১৯ সালে নয়াদিল্লিতে অনুষ্ঠিত 'লাওয়াসিয়া মানবাধিকার সম্মেলন'এর থিম কী ছিল — স্টেট পাওয়ার, বিজনেস অ্যান্ড হিউম্যান রাইটস : কনটেম্পোরারি চ্যালেঞ্জেস।

২৭। ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি 'পপুলার ফ্রন্ট অফ ইন্ডিয়া'কে (PFI) নিষিদ্ধ ঘোষণা করেছে — ঝাড়খণ্ড সরকার।

২৮। 'বিশ্ব রেডিও দিবস' কবে পালিত হয় — ১৩ ফেব্রুয়ারি।

২৯। ২০১৯ সালে 'বিশ্ব রেডিও দিবস'এর থিম কী ছিল — ডায়ালোগ, টলারেন্স অ্যান্ড পিস ব্রডকাস্টস।

৩০। ভারতের প্রথম 'গোদাবরী মেগা অ্যাকোয়া ফুড পার্ক' কোন রাজ্যে চালু হয়েছে — অন্ধ্র প্রদেশ।

৩১। 'নোবেল' পুরস্কারপ্রাপ্ত জার্মান রসায়নবিদ ম্যানফ্রেড এইগেন (৯১ বছর) কবে মারা যান — ২০১৯ সালের ৬ ফেব্রুয়ারি।

## খেলাধুলা

৩২। ২০১৯ সালে 'সিনিয়র জাতীয় ব্যাডমিন্টন চ্যাম্পিয়নশিপ'এ পুরুষদের সিঙ্গলসে কে চ্যাম্পিয়ন হলেন — ভারতের সৌরভ ভার্মা (লক্ষ্য সেনকে ২১-১৮ ও ২১-১৩ ব্যবধানে হারিয়ে)।

৩৩। ২০২২ সালে ৩৯তম 'জাতীয় গেমস'এর অফিসিয়াল ম্যাসকট কী — ক্লাউডেড লেপার্ড।

৩৪। ২০১৯ সালে 'ইরানি কাপ'এ কোন দল চ্যাম্পিয়ন হল — বিদর্ভ।

৩৫। ২০১৯ সালে গুয়াহাটিতে অনুষ্ঠিত 'সিনিয়র জাতীয় ব্যাডমিন্টন'এ মহিলাদের সিঙ্গলসে কে



চ্যাম্পিয়ন হলেন — সাইনা নেহওয়াল (পুসারলা ভেঙ্কটা সিন্ধুকে ২১-১৮ ও ২১-১৫ ব্যবধানে হারিয়ে)।

৩৬। ২০১৯ সালে 'মাল্লাখাম্ব বিশ্ব চ্যাম্পিয়নশিপ'এ দলগত বিভাগে কোন দল চ্যাম্পিয়ন হল — ভারত।

৩৭। ২০১৯ সালে 'দিল্লি ফুটবল অ্যাসোসিয়েশন'এর তরফ থেকে কে



'ফুটবল রত্ন' খেতাব পেলেন — ভারতের ফুটবল দলের অধিনায়ক সুনীল ছেত্রী।

৩৮। 'আন্তর্জাতিক হকি ফেডারেশন'এর (FIH) তরফ থেকে কারা ২০১৮ সালের 'বছরের সেরা খেলোয়াড়'এর সম্মান পেলেন — নেদারল্যান্ডসের মহিলা হকি খেলোয়াড় এভা দে গোয়েদে ও বেলজিয়ামের পুরুষ হকি খেলোয়াড় আর্থার জর্জেস স্ট্যানিসলাস হেনরি ভ্যান ডোরেন।

৩৯। ওয়েস্ট ইন্ডিজের কোন ক্রিকেটার সম্প্রতি আসন্ন ক্রিকেট বিশ্বকাপের পর একদিনের ক্রিকেট থেকে অবসর নেওয়ার সিদ্ধান্ত ঘোষণা করলেন — ক্রিস্টোফার হেনরি গেইল।

৪০। ২০১৯ সালে 'কাতার ওপন টেনিস'এ মহিলাদের সিঙ্গলসে কে চ্যাম্পিয়ন হলেন — বেলজিয়ামের এলিস মার্টেনস (রোমানিয়ার সিমোনা হালেপকে ৩-৬, ৬-৪ ও ৬-৩ ব্যবধানে হারিয়ে)।

## সাধারণ বিজ্ঞান

৪১। দ্রবণীয়তা অনুসারে ভিটামিনকে ক'ভাগে ভাগ করা যায় — ২ ভাগে (জলে দ্রবণীয় ভিটামিন ও তেলে দ্রবণীয় ভিটামিন)।

৪২। কারা বংশগতির ক্রোমোজোম



তত্ত্বের প্রবর্তন করেন — ওয়াল্টার সাটন ও থিওডোর বোভারি।

৪৩। মানব রক্তের বৃহত্তম শ্বেতকণিকাকে কী বলে — মনোসাইট।

৪৪। মানব রক্তের ক্ষুদ্রতম শ্বেতকণিকাকে কী বলে — লিম্ফোসাইট।

৪৫। সঠিকভাবে দেখার জন্য কোনো বস্তুকে চোখের থেকে কমপক্ষে কত দূরে রাখা দরকার — ২৫ সেন্টিমিটার।

৪৬। মানবদেহের ক্ষুদ্রতম পেশির নাম কী — স্টেপেডিয়াস।

৪৭। বায়ুতে কোন গ্যাস থাকার জন্য পিতলের রং খারাপ হয়ে যায় — হাইড্রোজেন সালফাইড।

৪৮। কোন অধাতু সাধারণ তাপমাত্রায় তরল অবস্থায় থাকতে পারে — ব্রোমিন।

৪৯। কোন ধাতু, অন্য ধাতুর সঙ্গে মিশে 'অ্যামালগাম' তৈরি করে — পারদ।

৫০। বৈদ্যুতিক বাতিতে কোন গ্যাস থাকে — নাইট্রোজেন।

৫১। 'ব্রোমিন' কোন রংয়ের তরল — লাল।

৫২। মুক্তোর প্রধান উপাদান কী কী — ক্যালশিয়াম কার্বোনেট ও ম্যাগনেশিয়াম কার্বোনেট।

৫৩। পেশিতে সঞ্চিত খাদ্যবস্তুকে কী বলে — গ্লাইকোজেন।

৫৪। 'রাইবোজোম'এর প্রধান কাজ কী — প্রোটিন সংশ্লেষ।

৫৫। একটি সুতির কাপড়ের এক প্রান্ত একটি গ্লাসের জলে ডোবানো থাকলে কাপড়টি ভিজে যায়। এর কারণ কী — কৈশিক ক্রিয়া।

৫৬। 'বার্লো চক্র' কী নিয়মে কাজ করে — বামহস্ত নিয়ম।

৫৭। 'অক্সিজেন' কোন শ্রেণির অন্তর্গত মৌল — চ্যালকোজেন।

৫৮। বিজ্ঞানী দিমিত্রি ইভানোভিচ মেন্ডেলিফ কোন মৌলকে 'দুষ্ট মৌল'এর আখ্যা দেন — হাইড্রোজেন।

## ইতিহাস

৫৯। ব্রিটিশ জাদুঘর কত সালে তৈরি হয় — ১৭৫৩ খ্রিস্টাব্দ।

৬০। মোহনদাস করমচাঁদ গান্ধীর রাজনৈতিক গুরু কে ছিলেন — গোপাল কৃষ্ণ গোখলে।

৬১। 'জাতীয় কংগ্রেস'এর প্রথম সভাপতির নাম কী — উমেশ চন্দ্র বন্দ্যোপাধ্যায়।

৬২। জৈন সাধু হেমচন্দ্র কার পৃষ্ঠপোষকতা পান — কুমার পাল।

৬৩। 'সাহেব-ই-কিরণ' কার উপাধি ছিল — শাহজাহান।

৬৪। জাহাঙ্গীরের মৃত্যুর সময় শাহজাহান কোথাকার শাসক ছিলেন — দাক্ষিণাত্য।

৬৫। কত সালে কান্দাহার মোগলদের অধীকৃত হয় — ১৫৯৫ খ্রিস্টাব্দ (আকবরের সময়)।

৬৬। কোন গভর্নর জেনারেল ভারতে মারা যান — লর্ড মেয়ো।

৬৭। বোম্বাইতে কাপড় কল কে তৈরি করেন — কাওয়াজী নানা ভাই দাভোর।

৬৮। কোন কমিশনের মাধ্যমে 'একশালা বন্দোবস্ত' চালু হয় — আমিনী কমিশনের মাধ্যমে (১৭৭৬ সাল)।

৬৯। 'অক্টারলোনি মনুমেন্ট'এর নাম এখন কী — শহীদ মিনার।

৭০। 'রায়তওয়ারি বন্দোবস্ত' কে শুরু করেন — টমাস মুনরো (১৮২০ খ্রিস্টাব্দ)।

৭১। ভারতে স্থানীয় স্বশাসনের অগ্রদূত



কাকে বলে — লর্ড রিপন।

৭২। ১৮৩৩ খ্রিস্টাব্দে 'মহলওয়ারি বন্দোবস্ত' কার আমলে শুরু হয় — উইলিয়াম বেন্টিঙ্ক।

৭৩। মোহনদাস করমচাঁদ গান্ধী খাদিকে কীসের প্রতীক বলে মনে করতেন — অর্থনৈতিক স্বতন্ত্রতা।

৭৪। 'লাহোর সংকল্প' কে তৈরি করেছিলেন — ফজলুল হক।

৭৫। 'ইস্ট ইন্ডিয়া কোম্পানি' ভারতের কোন জায়গায় তাদের প্রথম ফ্যাক্টরি তৈরি করেছিল — সুরাত।

৭৬। 'ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানি'র চলতি নাম কী ছিল — জন কোম্পানি।

## ভূগোল

৭৭। পৃথিবীর ক্ষুদ্রতম দেশের নাম কী — ভ্যাটিক্যান সিটি।

৭৮। লখনৌ শহরটি কোন নদীর তীরে আছে — গোমতী।

৭৯। 'হাওয়া মহল' ভারতের কোন



রাজ্যের কোন শহরে আছে — রাজস্থানের জয়পুর শহরে।

৮০। ভুটানের সর্বোচ্চ পর্বতশৃঙ্গ কোনটি — কুলাকাংড়ি।

৮১। 'লিংসিলা' ও 'ইউললা' গিরিপথ কোন দু'টি স্থানের মধ্যে সংযোগ রক্ষা করেছে — ভুটান ও তিব্বত।

৮২। ভুটানের দীর্ঘতম নদীর নাম কী — মানস।

৮৩। বাংলাদেশের কোন শহরকে 'প্রাচ্যের ডাণ্ডি' বলে — নারায়ণগঞ্জ।

৮৪। 'ভিলাই' ভারতের কোন রাজ্যে আছে — ছত্তিশগড়।

৮৫। 'সর্দার সরোবর প্রকল্প' কোন নদীর সঙ্গে সম্পর্কিত — নর্মদা।

৮৬। ভারতের বৃহত্তম কেন্দ্রশাসিত অঞ্চল কোনটি — আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ।

৮৭। 'কুলা', 'কুফরী' ও 'ডালহৌসি' ভারতের কোন রাজ্যের বিখ্যাত পর্যটনস্থল — হিমাচল প্রদেশ।

৮৮। 'ড্রামলিন' কেমন দেখতে — উলটানো নৌকার মতো।

৮৯। 'কুদ্রেমুখ' লৌহ খনি ভারতের কোন রাজ্যে আছে — কর্ণাটক।

৯০। 'পিচোলা' হ্রদ ভারতের কোন রাজ্যের কোন শহরে আছে — রাজস্থানের উদয়পুর শহরে।

৯১। 'ক্ষেত্রী' প্রকল্প কী উৎপাদনের জন্য বিখ্যাত — তামা।

৯২। কোন নদী কাশ্মীর উপত্যকার মধ্য দিয়ে প্রবাহিত হয়েছে — ঝিলম।

৯৩। ভারতে প্রধানত পাট উৎপন্ন হয় কোন রাজ্যে — পশ্চিমবঙ্গ।

৯৪। ভারতের প্রথম পরমাণু চুল্লির নাম কী — অপ্সরা।

৯৫। রাজস্থানের কোন জেলায় প্রচুর তামা সঞ্চিত আছে — ঝুনঝুনু।

৯৬। বাইলাডিলা খনি থেকে লৌহ আকরিক জাপান ও দক্ষিণ কোরিয়ায় রফতানি হয় কোন বন্দরের মাধ্যমে — বিশাখাপত্তনম বন্দর।

সঙ্কলক : পলি দেওয়ান

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## রাজ্য সরকারে কয়েক হাজার ক্লার্ক

১ পাতার পর

সময় থাকবে দেড় ঘন্টা।

দ্বিতীয় পার্টে প্রশ্ন হবে ডেসক্রিপ্টিভ টাইপের। এইসব বিষয়ে : (ক) ইংরিজি -৫০ নম্বর। এই পেপারে থাকবে রিপোর্ট লেখা, সামারি বা, প্রেসি লেখা, বাংলা থেকে ইংরিজিতে অনুবাদ করা। (খ) বাংলা/হিন্দি /নেপালী / উর্দু /সাঁওতাড়-৫০ নম্বর। সময় থাকবে ১ ঘন্টা। এই পেপারে থাকবে রিপোর্ট লেখা, সামারি বা, প্রেসি লেখা, ইংরিজি থেকে বাংলায় অনুবাদ করা।

প্রথম ও দ্বিতীয় পার্টে কোয়ালিফাই করলে এরপর কম্পিউটার টেস্টের জন্য ডাকা হবে। প্রতিটি গ্রুপ /পেপারে থাকবে আলাদা কোয়ালিফাইং নম্বর। কোনোটিতে কোয়ালিফাইং নম্বর না পেলে সফল হতে পারবেন না। তপশিলী, ও.বি.সি.'দের জন্য কোয়ালিফাইং নম্বরে ছাড় আছে।

প্রথম পার্টের পরীক্ষায় ইংরিজি বিষয়ে থাকবে ভোকাবুলারি, গ্রামার, বাক্য গঠন, সিনোনিম, অ্যান্টোনিম ও শব্দের সঠিক ব্যবহার।

জেনারেল স্টাডিজ পেপারে ভারতীয় ইতিহাস, ভূগোল, দৈনন্দিন বিজ্ঞান ও ভারত-সহ সাম্প্রতিক ঘটনা ও সমস্যা বিষয়ে প্রশ্ন থাকবে আর অ্যারিথমেটিকের প্রশ্ন হবে মাধ্যমিক পরীক্ষার অঙ্কের সিলেবাস অনুযায়ী। প্রশ্ন হবে বাংলা ও ইংরিজিতে। দু'টি পার্টের পরীক্ষা একই দিনে হবে।

চূড়ান্ত তালিকা তৈরির সময় পার্ট-ওয়ান, পার্ট-টু ও কম্পিউটার টেস্টের নম্বর ধরা হবে। ইন্টারভিউ নেই। এই পরীক্ষা যতবার খুশি দিতে পারবেন। দার্জিলিং জেলা-সহ অন্যান্য যে কোনো জেলার দৃষ্টিহীন প্রতিবন্ধীরা অন্য কারোর সাহায্যে পরীক্ষা দিতে চাইলে শুধুমাত্র দক্ষিণ কলকাতা কেন্দ্রে পরীক্ষা দিতে পারবেন।

বিজ্ঞপ্তি নং : 05/2019.

দরখাস্ত করবেন শুধুমাত্র অনলাইনে, ২৫ মার্চ পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.pscwbonline.gov.in, www.pscwbapplication.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে ২০ থেকে ৫০ কে.বি.'র মধ্যে স্ক্যান করে নেবেন। ফটো ও সিগনেচার স্ক্যান করবেন ২০০ ডি.পি.আই.'তে।

প্রথমে ওই ওয়েবসাইটে গিয়ে 'One Time Registration' এ ক্লিক করতে হবে। তখন একটি ফর্ম পাবেন। ওই ফর্মের সব কলাম ঠিকভাবে পূরণ করবেন। এবার 'Register Button'এ ক্লিক করলে পরের পেজে যেতে পারবেন। তখন যে তথ্য দিয়ে ফর্ম পূরণ করেছেন, সেগুলি পাবেন ও ডাউনলোড করে নেবেন। সম্পূর্ণ রেজিস্ট্রেশন ফর্ম একবারই ডাউনলোড করতে পারবেন। ফর্ম ডাউনলোড করার সময় 'Back Button'এ ক্লিক করলে ওই রেজিস্ট্রেশন ফর্মটি আবার মডিফাই করতে পারবেন। কিন্তু 'Confirm Button'এ ক্লিক করলে রেজিস্ট্রেশন আই.ডি. ও পাশওয়ার্ড পাবেন। এই আই.ডি. ও পাশওয়ার্ড প্রার্থীর নিজস্ব ই-মেল আই.ডি.'তেও পাবেন। পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের কোনো

এরপর ১৩ পাতায়

## নেভিতে ৫০৪

১ পাতার পর

অবজেক্টিভ টাইপের পরীক্ষায় প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং - ২৫ নম্বর, (খ) নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউট - ২৫ নম্বর, (গ) জেনারেল ইংলিশ - ২৫ নম্বর, (ঘ) জেনারেল অ্যাওয়ারনেস - ২৫ নম্বর। কবে কোথায় পরীক্ষা হবে তা ওয়েবসাইটে পাবেন। এরপর হবে সার্টিফিকেট ভেরিফিকেশন ও ডাক্তারি পরীক্ষা। এই পদের বিজ্ঞপ্তি নং : INCET-TMM-01/2019.

দরখাস্ত করবেন অনলাইনে, ১৫ মার্চ পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.joinindiannavy.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। ফটো ও সিগনেচার স্ক্যান করবেন ২০ থেকে ৫০ কেবির মধ্যে। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। এবার পরীক্ষা ফী বাবদ ২০৫ (তপশিলী, প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী ও মহিলাদের ফী লাগবে না) টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, ইউ.পি.আই.'তে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

একঝাঁক WBCS অফিসারের মাধ্যমে
PSC ক্লার্কশিপ
WBCS
(2019-এর মেইন ব্যাচ ও 2020-এর প্রিলির ব্যাচে ভর্তি)
ক্লাস শুরু 3rd March
Rail-এ লক্ষাধিক শূন্যপদ
বারাসত অ্যাকাডেমিক অ্যাসোসিয়েশন
9073587432, 9432544262

তাহেরপুর কবিতা কুটির আশ্রমিক কলেজ
শাখা : নৈহাটী (উত্তর ২৪ পরগনা), দমদম (কলকাতা) ও বেথুয়াডহরী
● রেলে ১ লাখ ৩০ হাজার শূন্যপদ
● রাজ্য পুলিশে প্রচুর কনস্টেবল
● রাজ্য সরকারে প্রচুর ক্লার্ক নিচ্ছে
সরকারি চাকরি পাওয়ার এই সুযোগ হাতছাড়া করবেন না। উপযুক্ত ট্রেনিং নিন। পাশে আছে তাহেরপুর কবিতা কুটির
9474764885
9775172089
বেথুয়াডহরী : 9641095223

পি.এস.সি (ক্লার্ক)
পশ্চিমবঙ্গ পুলিশ (কনস্টেবল)
কারা দপ্তর (ওয়ার্ডার/মহিলা ওয়ার্ডার)
WBCS (Preli. & Main) পরীক্ষার জন্য
• সাধারণ বিজ্ঞান • ভূগোল • ইতিহাস
• সংবিধান ও অর্থনীতি • জি.আই ও রিজনিং
• ম্যাথেমেটিক্স • English
তপতী পাবলিশার্স

বেরিয়েছে শিলাদিত্য ফেব্রুয়ারি ২০১৯
গ্রামবাংলার মা দিদিমারা অবসর যাপনে কাঁথা তৈরি করতেন। শীতের হাত থেকে বাঁচাতে। সেই কাঁথার সঙ্গে যুক্ত হত বাহারি নকশা। যা ছিল ঘরের নিত্য প্রয়োজনীয় বস্তু, হালে তার সঙ্গে যুক্ত হয়েছে বাণিজ্যিকতাও। বাংলার কাঁথা হয়ে উঠেছে আন্তর্জাতিক। এর সাতকাহনে বরুণকুমার চক্রবর্তী। চূড়ামণি হাটি। ড. মো. হাবিবুর রহমান। ড. মনোজিৎ অধিকারী। মহামায়া শিকদার।
এছাড়াও স্মরণ। চার অধ্যায়। বাংলার মন্দির। চিত্রকলা। পরিবেশ। ধারাবাহিক রচনা। ভ্রমণ। বইবৈঠকি। সুরফানি। কবিতাগুচ্ছ। গল্প।







banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



সাম্প্রতিক তথ্যে ভরা

# জিজ্ঞাসা

চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? কোথায় যোগাযোগ করবেন? এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।

## পি.এস.সি.'র

■ *সাব-ইন্সপেক্টর অফ স্কুল পদের যে লিখিত পরীক্ষা গত বছর অক্টোবরে হয়েছিল, তার ফল কবে বেরোতে পারে? —নবারুণ ব্যানার্জী, আমোদপুর, বীরভূম।*

■■ পি.এস.সি. সূত্রে জানা গেছে, এই পরীক্ষার ফল এপ্রিলের মধ্যেই বেরোনোর সম্ভাবনা।

■ *পি.এস.সি. ক্লার্কশিপ পরীক্ষার যে বিজ্ঞপ্তি বেরোতে চলেছে, তার প্রশ্নপত্র কি বাংলায় হবে? — সোহম দালাল।*

■■ হ্যাঁ, বাংলায় হবে।

■ *পঞ্চায়েত অডিট অ্যান্ড অ্যাকাউন্টস সার্ভিস (স্পেশাল) পরীক্ষার চূড়ান্ত তালিকায় ১৬৪ জনের মধ্যে ১৪০ জনের নাম আছে। বাকিদের জন্য কোনো তালিকা বেরোবে কি? — মুস্তিআমিন সাহানি, কাটোয়া, পূর্ব বর্ধমান।*

■■ না, আর কোনো তালিকা বেরোবে না।

## পুলিশে চাকরির

■ *পশ্চিমবঙ্গ পুলিশে কনস্টেবল পদের প্রিলিমিনারি পরীক্ষায় পাশ করেছি। শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষা কবে হবে? — উজ্জ্বল কিস্কু।*

■■ ■■ পশ্চিমবঙ্গ পুলিশের কনস্টেবল পদের যে প্রিলিমিনারি লিখিত পরীক্ষা ২৩ সেপ্টেম্বর হয়েছিল, তার ফল বেরিয়েছে। উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা, হাওড়া, কলকাতার প্রার্থীদের শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষা হবে ২৫ ফেব্রুয়ারি থেকে ১৪ মার্চ, উত্তর ২৪ পরগনার ব্যারাকপুর মঙ্গল পাণ্ডে পার্ক প্যারেড গ্রাউন্ডে। মুর্শিদাবাদ ও নদিয়া জেলার প্রার্থীদের শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষা হবে ১৮ মার্চ থেকে ৫ এপ্রিল, নদিয়া এন.ভি.এফ ট্রেনিং সেন্টার প্যারেড গ্রাউন্ডে। জলপাইগুড়ি, কোচবিহার, আলিপুরদুয়ার, দার্জিলিং, কালিম্পং, উত্তর দিনাজপুর, মালদহ ও দক্ষিণ দিনাজপুর জেলার প্রার্থীদের শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষা হবে ২৫ ফেব্রুয়ারি থেকে ১১ মার্চ, নিউ জলপাইগুড়ির অম্বিকানগর প্যারেড গ্রাউন্ডে। পূর্ব মেদিনীপুর, পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রাম, বাঁকুড়া ও পুরুলিয়া জেলার প্রার্থীদের শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষা হবে ২৫ ফেব্রুয়ারি থেকে ১২ মার্চ, পশ্চিম মেদিনীপুর জেলার পশ্চিম মেদিনীপুর পুলিশ লাইন প্যারেড গ্রাউন্ডে। পূর্ব বর্ধমান, পশ্চিম বর্ধমান, হুগলি ও বীরভূম জেলার প্রার্থীদের শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষা হবে ১৮ মার্চ থেকে ১ এপ্রিল, দুর্গাপুরের বিধাননগর সি.আই.এফ. ক্যাম্পাসে। অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইটে : www.wbpolice.gov.in

■ *কলকাতা পুলিশে কনস্টেবল পদের বিজ্ঞপ্তি কবে বেরোবে? — মৃনালকান্তি মাহাতো, বরামাড়া, বোরো পুরুলিয়া। সুমন সর্দার, রাজারহাট, বিষ্ণুপুর, উত্তর ২৪ পরগনা।*

■■ পশ্চিমবঙ্গ পুলিশে কনস্টেবল পদের বিজ্ঞপ্তি বেরিয়েছে। খুব শিগগিরই কলকাতা পুলিশে কনস্টেবল পদের বিজ্ঞপ্তি বেরোবে।

■ *আমার বাঁ চোখের নিচে একটি হাড় উঁচু আছে, মনে হচ্ছে ওটি টিউমার জাতীয় কিছু। কিন্তু সেটি টিউমার নয়। পশ্চিমবঙ্গ পুলিশে কনস্টেবল পদের প্রিলিতে পাশ করেছি। মেডিক্যালে এই সমস্যার জন্য অসুবিধা হবে কি? — রায়সাদ্দিন মণ্ডল, বসিরহাট, উত্তর ২৪ পরগনা।*

■■ এধরনের সমস্যার জন্য সাধারণত ডাক্তারি পরীক্ষায় আনফিট করে দেওয়া হয়। তবে হতাশ হবেন না, ডাক্তারি পরীক্ষা পর্যন্ত অপেক্ষা করুন।

## বিমানবাহিনীর

■ *উত্তর ২৪ পরগনা জেলার প্রার্থীদের এয়ার ফোর্সের র‍্যালি কবে হবে? — মৃগাঙ্ক মণ্ডল, মধ্যমগ্রাম, উত্তর ২৪ পরগনা।*

■■ ভারতীয় বিমানবাহিনী 'গ্রুপ-'Y' (নন-টেকনিক্যাল) (অটোমোবাইল টেকনিশিয়ান, ইন্ডিয়ান এয়ারফোর্স -পুলিশ) ট্রেডে 'এয়ারম্যান' পদে সরাসরি প্রার্থী বাছাই করে কিছু অবিবাহিত ছেলে নেওয়ার র‍্যালি হবে ৩ মার্চ, এই ঠিকানায়: ৪, এ.এস.সি. (পলতা গেটের কাছে), এয়ার ফোর্স স্টেশন ব্যারাকপুর, উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ - ৭৪৩১২২। হুগলি, পূর্ব মেদিনীপুর, ঝাড়গ্রাম, পুরুলিয়া ও পশ্চিম বর্ধমান জেলার প্রার্থীদের র‍্যালি হবে ২৬ ও ২৭ ফেব্রুয়ারি। মুর্শিদাবাদ, মালদহ, উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর, দার্জিলিং, কালিম্পং, জলপাইগুড়ি, আলিপুরদুয়ার ও কোচবিহার জেলার প্রার্থীদের র‍্যালি হবে ১ ও ২ মার্চ। সংরক্ষিত দিন থাকবে ৩ মার্চ। উত্তর ২৪ পরগনা জেলার প্রার্থীদের র‍্যালি হওয়ার তারিখ ঠিক হয়নি।

## কোর্স ও ট্রেনিং

■ *ভোকেশনাল শাখায় উচ্চমাধ্যমিক পাশ করলে কোন কোন বিষয়ে অনার্স ডিগ্রি করা যায়? চাকরি পাওয়া যাবে কি? — হীরু সেখ, বামুনপুকুর, শ্রী মায়াপুর।*

■■ ভোকেশনাল কোর্সে যে যে বিষয় ছিল সেই বিষয়ে ডিগ্রি বা, অনার্স ডিগ্রি করতে পারবেন। কলেজে ভরতির জন্য ভোকেশনাল শাখার প্রার্থীদের কিছু সীট সংরক্ষিত থাকে। ভোকেশনাল শাখার প্রার্থীরা চাকরির জন্য যোগ্য।

■ *পলিটেকনিকে ভরতির জেক্সপো পরীক্ষার ফর্ম কবে থেকে পূরণ করা যাবে? বিজ্ঞপ্তি বেরিয়েছে কি? — মিনতি দত্তগুপ্ত, বামনগাছি, উত্তর ২৪ পরগনা।*

■■ পশ্চিমবঙ্গের পলিটেকনিকে সিভিল, ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রিক্যাল, মেকানিক্যাল, টেলি-কমিউনিকেশন, কম্পিউটার সায়েন্স, সার্ভে ইঞ্জিনিয়ারিং, ফটোগ্রাফি, প্রিন্টিং, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, টেলিকম ইঞ্জিনিয়ারিং-সহ ইঞ্জিনিয়ারিংয়ের বিভিন্ন শাখার ডিপ্লোমা কোর্সে ভরতির জন্য জয়েন্ট এন্ট্রান্স (JEXPO - 2019) আর ইঞ্জিনিয়ারিং ও টেকনোলজির ৩ বছরের ডিপ্লোমা (ল্যাটারাল এন্ট্রি) কোর্সের দ্বিতীয় বর্ষে ভর্তির জন্য জয়েন্ট এন্ট্রান্স (VOCLET-2019) পরীক্ষার জন্য দরখাস্ত নেওয়া শুরু হয়েছে। অঙ্ক, ভৌতবিজ্ঞান ও ইংরিজি অন্যতম বিষয় নিয়ে মাধ্যমিক পাশরা মোট অন্তত ৩৫% (অতিরিক্ত বিষয়ের নম্বর ছাড়া) নম্বর পেয়ে থাকলে জয়েন্ট এন্ট্রান্স (JEXPO - 2019) পরীক্ষার জন্য আবেদন করতে পারেন। এবছর যাঁরা ওই ৩টি অন্যতম বিষয় হিসাবে নিয়ে মাধ্যমিক পরীক্ষা দেবেন, তাঁরাও যোগ্য। জন্ম-তারিখ হতে হবে ১-৭-২০০৪'এর আগে।

পশ্চিমবঙ্গ রাজ্য কাউন্সিল অফ ভোকেশনাল এডুকেশন অ্যান্ড ট্রেনিংয়ের অধীন (১০+২) সিস্টেমে ভোকেশনাল শাখায় ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি বিষয়ে উচ্চমাধ্যমিক পাশরা জয়েন্ট এন্ট্রান্স (VOCLET-2019) পরীক্ষার জন্য আবেদন করতে পারেন। এবছর যাঁরা ভোকেশনাল শাখায় উচ্চমাধ্যমিক পরীক্ষা দেবেন, তাঁরাও যোগ্য। মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ২ বছরের কোর্স পাশ হলেও যোগ্য। বয়সের কোনো কড়াকড়ি নেই। 'জেক্সপো-২০১৯'র লিখিত পরীক্ষা হবে ২৮ এপ্রিল। 'ভোকলেট - ২০১৯'র লিখিত পরীক্ষা হবে ২৮ এপ্রিল। পরীক্ষা সংক্রান্ত তথ্য ও লিখিত পরীক্ষার ফল পাবেন এই ওয়েবসাইটে : www. webscte.co.in দরখাস্তের ফর্ম পাবেন ৬ মার্চ পর্যন্ত। দাম ৫০০ (কন্যাশ্রী প্রার্থীদের জন্য ২৫০) টাকা। অনলাইনে দরখাস্ত করলে তখন পরীক্ষা ফী বাবদ ৪৫০ (কন্যাশী প্রার্থীদের জন্য ২২৫) টাকা দিতে হবে। অনলাইনে ফর্ম জমা দেওয়ার শেষ তাঁরিখ ৫ মার্চ।

## অন্যান্য চাকরির

■ *ইন্টেলিজেন্স ব্যুরোর সিকিউরিটি অ্যাসিস্ট্যান্ট পদের পরীক্ষার প্রশ্ন বাংলা হবে কি? — শিবরাম কৃষ্ণ মুর্মু, দিনহাটা, কোচবিহার।*

■■ না, প্রশ্ন হবে ইংরিজি ও হিন্দিতে।

■ *রাজ্য সরকারের ও.বি.সি. -বি ক্যাটেগরির সার্টিফিকেট আছে। কিন্তু কেন্দ্রীয় সরকারের চাকরিতে ও.বি.সি. ক্যাটেগরির সুযোগ পাচ্ছি না। সেখানে জেনারেল ক্যাটেগরি হিসাবে পরীক্ষা দিতে হচ্ছে। কেন্দ্রীয় ও.বি.সি. তালিকায় কীভাবে ও.বি.সি. ক্যাটেগরিভুক্ত হব? — সুমন প্রামাণিক, মোড়গ্রাম, সাগরদীঘি, মুর্শিদাবাদ।*

■■ এখানে কোনো ব্যক্তির ক্ষেত্রে দেখা হয় না। রাজ্য সরকার উদ্যোগ নিয়ে কেন্দ্রীয় সরকারের কাছে লিখিত আবেদন জানায়। তখন কেন্দ্রীয় সরকার বিষয়টি নিয়ে কোর্টের মাধ্যমে রায় দিয়ে কয়েকটি শুনানির পর তা কেন্দ্রীয় তালিকায় অন্তর্ভুক্ত করা হয়।

■ *পশ্চিমবঙ্গ পোস্টাল সার্কেলে ২৬৬ জন পোস্টম্যান নেওয়ার যে বিজ্ঞপ্তি বেরিয়েছিল, তার পরীক্ষা কবে হবে? — অর্ণব সর্দার, বাদুড়িয়া, উত্তর ২৪ পরগনা।*

■■ এখনো তারিখ ঠিক হয়নি।

■ *এন.বি.এস.টি.সি ও এস.বি.এস. টি.সি.-তে ড্রাইভার ও কন্ডাক্টর কবে নেওয়া হবে? — ঋত্বিক রক্ষিত, কৃষ্ণপুর, বারোয়ারিতলা, বাগুইআটি, উত্তর ২৪ পরগনা।*

■■ আপাতত কোনো খবর নেই। পরিবহণ দফতরে ড্রাইভার ও কন্ডাক্টর নেওয়ার বিজ্ঞপ্তি বেরোলেই 'কর্মসংস্থান'এ দেওয়া হবে।

## স্কুল সার্ভিসের

■ *বাংলায় অনার্স। সংস্কৃত পাসের বিষয় ছিল। পাস ক্যাটেগরিতে চাকরি করছি। এখন রবীন্দ্রভারতী থেকে সংস্কৃত বিষয়ে এম.এ. করলে পি.জি. স্কেলে স্কুল সার্ভিসের পরীক্ষা দিতে পারব কি? — বালিকা হালদার, গোপালকৃষ্ণ, কুলতলী, দক্ষিণ ২৪ পরগনা।*

■■ হ্যাঁ, পরীক্ষা দিতে পারবেন।

■ *বৃত্তিমূলক শাখায় উচ্চমাধ্যমিক পাশ করেছি। ফকির মোহন বিশ্ববিদ্যালয় থেকে রেগুলারে বি.সি.এ. কোর্স করেছি। স্কুল সার্ভিস কমিশনের কর্মশিক্ষা বিষয়ে পরীক্ষা দিতে পারব কি? — সেখ আবুল কাসিম আলি, ধনেশ্বরপুর, থাকুড়দা, পশ্চিম মেদিনীপুর।*

■■ হ্যাঁ, পরীক্ষা দিতে পারবেন।

■ *আমি একজন প্রতিবন্ধী। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে ৬০% নম্বর আছে। বি.এ. কোর্সে ৫০% নম্বর আছে। আপার প্রাইমারিতে ডাক পাব কি? — ইমান হোসেন মল্লিক, ধুবুলিয়া, নদিয়া।*

■■ বি.এড. করা থাকলে আপার প্রাইমারির জন্য 'টেট' দিতে পারবেন। আর 'টেট' সফল হয়ে থাকলে ও বি.এড. যোগ্যতা থাকলে সার্টিফিকেট ভেরিফিকেশন ডাক পেতে পারেন।

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যে সব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থানে' দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা এক নজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| বিমানবাহিনীত এয়ারম্যান সরাসরি র‍্যালি | উচ্চমাধ্যমিক পাশ | - | ২৬ফেব্রুয়ারি থেকে ৩ মার্চ | www.airmenselection.cdac.in |
| ডি.এস.এস.এস.বি. জুনিয়র ইঞ্জিনিয়ার | ডিপ্লোমা থেকে ডিগ্রি | ২৬৪ ডিগ্রি | ১.৩.১৯ | http://dsssbonline.nic.in |
| বি.এস.এফ.-এ কনস্টেবল (ট্রেডসম্যান) | এইট থেকে মাধ্যমিকে | ১,৭৬৩ | ২.৩.১৯ | www.bsf.nic.in |
| ত্রিপুরার সেক্রেটারিয়েট দফতরে ক্লার্ক | গ্র্যাজুয়েট পাশ | ১০০ | ২.৩.১৯ | www.tpsc.gov.in |
| পশ্চিম বঙ্গ পুলিশে কনস্টেবল | মাধ্যমিক পাশ | ৮,৪১৯ | ৫.৩.১৯ | www.policewb.gov.in |
| দিল্লি সাব-অর্ডিনেটে জুনিয়র ইঞ্জিনিয়ার | উচ্চমাধ্যমিক, গ্র্যাজুয়েট | ২৬৪ | ৫.৩.১৯ | http://dsssbonline.nic.in |
| কেন্দ্রীয় বিদ্যালয়ে শিক্ষক পদের সি-টেট পরীক্ষার জন্য | উচ্চমাধ্যমিক ও গ্র্যাজুয়েট | - | ৫.৩.১৯ | www.ctet.nic.in |
| দিল্লি হাই কোর্টে সিনিয়র পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট | গ্র্যাজুয়েট পাশ | ৫৭ | ৭.৩.১৯ | www.delhihighcourt.nic.in |
| ইন্ডিয়ান অয়েলে অ্যাপ্রেন্টিস | গ্র্যাজুয়েট | ৪৬৬ | ৮.৩.১৯ | www.iocl.com |
| স্কুল সার্ভিসের মাধ্যমে সাঁওতাড় মাধ্যম স্কুলে সহ-শিক্ষক-শিক্ষিকা | গ্র্যাজুয়েট ও পোস্ট-গ্র্যাজুয়েট | ২৮৩ | ৯.৩.১৯ | www.westbengalssc.com |
| গেইল ইন্ডিয়ায় ট্রেনি | ডিগ্রি পাশ | ১৭৮ | ১৩.৩.১৯ | www.gailonline.com |
| কলকাতা পুর নিগমে জুনিয়র ইঞ্জিনিয়ার | গ্র্যাজুয়েট পাশ | ১৫০ | ১৪.৩.১৯ | www.mscwb.org |
| কারা বিভাগে ওয়ার্ডার ও ফিমেল ওয়ার্ডার | মাধ্যমিক | ৮১৬ | ১৪.৩.১৯ | www.policewb.gov.in |
| সেন্ট্রাল ওয়্যারহাউজিংয়ে টেক. অ্যাসিস্ট্যান্ট, ইঞ্জিনিয়ার, ট্রেনি | গ্র্যাজুয়েট ও পোস্ট-গ্র্যাজুয়েট | ৫৬৭ | ১৬.৩.১৯ | www.cewacor.nic.in |
| ফুড কর্পোরেশন অফ ইন্ডিয়ায় অ্যাসিস্ট্যান্ট, স্টেনো, ইঞ্জিনিয়ার | মাধ্যমিক | ৪,১০৩ | ২৫.৩.১৯ | www.fci.gov.in |
| রেলে ক্লার্ক, গার্ড, টাইপিস্ট, স্টেশন মাস্টার ও গ্রুপ-ডি | MP, HS, গ্র্যাজুয়েট | ১,৩০,০০০ | - | সংশ্লিষ্ট রেলের ওয়েবসাইট |

এই বিভাগে উত্তর পেতে হলে চিঠি লিখুন পোস্ট কার্ডে কিংবা ই-মেল করে। তাতে নিজের নাম-ঠিকানা ও ফোন নং লিখবেন। পোস্ট কার্ডে লিখলে ঠিকানার জায়গায় নিচের অংশটি কেটে আঠা দিয়ে সেঁটে দেবেন। জিজ্ঞাসা বিভাগের পরের শূন্যস্থানে কোন বিভাগের চিঠি (রেল, স্কুল সার্ভিস, ব্যাঙ্ক, পি.এস.সি. কোর্স কিনা) তা লিখে দেবেন। E-mail করবেন এই নম্বরে: karmajiggasa@gmail.com ই-মেল করলে নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করতে হবে।

কর্মসংস্থান
জিজ্ঞাসা বিভাগ

১২/৩/৪, জামির লেন
কলকাতা-৭০০ ০১৯

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## রাজ্য সরকারে কয়েক হাজার ক্লার্ক

১১ পাতার পর

পরীক্ষার জন্য অনলাইনে 'One Time Registration' করে থাকলে নতুন করে আর রেজিস্ট্রেশন করতে হবে না। কিন্তু দরখাস্তের ফর্ম পূরণ করতে হবে 'Log in' করে।

যাঁরা প্রথমবার 'One Time Registration' করে আই.ডি. ও পাশওয়ার্ড পেয়েছেন, তাঁরা আই.ডি. ও পাশওয়ার্ড দিয়ে 'Log in'এ গিয়ে ক্লিক করলে ৬টি ট্যাব পাবেন। সেখানে 'Important Information' ও 'Scheme and Syllabus'এ গিয়ে বিস্তারিত তথ্য পাবেন। এবার 'I have read the above mentioned caution'এ ক্লিক করে 'Next' এ গিয়ে ক্লিক করলে 'Personal Details' পাবেন। তখন স্ক্যান করা ফটো ও সিগনেচার আপলোড করে নেবেন। এরপর 'Exam Specific' পাবেন। সেখানে ক্লিক করে পরীক্ষা কেন্দ্র, ভাষা ও ঐচ্ছিক ভাষা সিলেক্ট করতে হবে। এরপর 'Next Button'এ ক্লিক করলে 'Declaration Tab' পাবেন। তখন Submit করলে নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। এবার পরীক্ষা ফী বাবদ ১১০ (তপশিলী ও প্রতিবন্ধীদের ফী লাগবে না) টাকা দিতে হবে। টাকা অনলাইনে বা, অফলাইনে দিতে পারবেন। অফলাইনে টাকা দিতে পারবেন ইউনাইটেড ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার চালানে, ২৬ মার্চের মধ্যে। চালান ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারবেন।

অনলাইনে টাকা জমা দিতে চাইলে ক্রেডিট কার্ড, ডেবিট কার্ড ও নেট ব্যাঙ্কিংয়ে দিতে পারবেন ২৫ মার্চের মধ্যে। ফর্ম পূরণ করতে কোনো অসুবিধা হবে ফোন করুন এই নম্বরে। তথ্যের জন্য : (০৩৩) ২৪১৯৮১৮৫, অনলাইন পেমেন্টের বেলায় (০৩৩) ৪০০৩৫১০৪, অফলাইন পেমেন্টের বেলায় (০৩৩) ২২৬২৪১৮১।

বই না তো যেন সাজেশন!
মাঝারি থেকে-ভালো এবং ভালো থেকে আরো ভালোদের Scoring Book.
রায় ও চৌধুরী সম্পাদিত
PSC ক্লার্কশিপ টপার
RRB নন্ টেকনিক্যাল
ICDS সুপারভাইজার/ পশ্চিমবঙ্গ পুলিশ
Perfect Publication 79A Bechu Chatterjee Street, Kol-9
Mob - 9143580770, 9830514430

রাজ্য ও কেন্দ্র সরকারের লক্ষাধিক শূন্য পদে নিয়োগ। গুজবে কান না দিয়ে চূড়ান্ত প্রস্তুতি নিন, সাহায্য করব আমরা। সাফল্য আসবেই।
বিভিন্ন পরীক্ষার প্রশ্ন বিশ্লেষক ও অভিজ্ঞ শিক্ষক দ্বারা পরিচালিত
PSC ক্লার্কশিপ
RAIL ● POLICE
আসন সংখ্যা সীমিত
পাতা জুড়ে মিথ্যে বিজ্ঞাপনের প্রতিশ্রুতি নয়।
আমাদের সফলপ্রার্থীদের সঙ্গে কথা বলে তবেই ভর্তি হোন।
Monthly Fees এর ব্যবস্থা
এটি ব্যবসায়িক প্রতিষ্ঠান নয়, দুঃস্থ ও মেধাবি ছাত্রছাত্রীদের সরকারি চাকরিতে এগিয়ে আনতে আমরা বদ্ধ পরিকর।
আজই যোগাযোগ করুন —
• বারাসাত : 9874611300 • গড়িয়া : 9804756877
• মালদা : 9123324648 • দুর্গাপুর : 8170849183

WBPSC & RAIL-NTPC
পরীক্ষার প্রশিক্ষণ
RAIL (Gr-D, ASM, Goods Guard, TT, TC, ইত্যাদি), BSF, WBP-Constable & Warder, PSC-Clerkship ইত্যাদি পরীক্ষার গ্যারান্টি সহকারে প্রশিক্ষণ।
বিশেষ আকর্ষণ
শুধুমাত্র ONE TIME REGISTRATION FEES দিতে হবে।
itee
দমদম 9830859046
বারাসাত 9804820827

PSC, CLERK-এ চাকরি
RAIL-এ ১.৩ লক্ষ চাকরি
• Best Teachers Mock Test
• 100% Common Materials
• হাতে ধরে শেখানো হয়
PSC, Rail Batch-এ ভর্তি চলছে
WBCS, SSC, PSC, Bank-এর
Regular & Weekend Class
ICE SURE SUCCESS
BALLYGUNGE 9804412898
FREE তে ক্লাস করে দেখে নিন

১৩২ পাতার দাম ১০ টাকা
কর্মসংস্থান গোষ্ঠীর
সাফল্য
সাধারণ জ্ঞান
ফেব্রুয়ারি সংখ্যা বেরিয়েছে
রাজ্য পুলিশের কনস্টেবল
পদের পরীক্ষার ২ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর
ডাকবিভাগে মাল্টি টাস্কিং স্টাফ
পদের পরীক্ষার ১ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর
কলকাতা হাই কোর্টের অধীন লোয়ার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট
পরীক্ষার ২ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর
৮ কেন্দ্রীয় বাহিনীর কনস্টেবল
পদের পরীক্ষার ১ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর
ডাকবিভাগে পোস্টম্যান পদের
পরীক্ষার ১ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর
● ভারত ও ভারতীয়দের বিশ্বরেকর্ড ● একনজরে তুরস্ক ● শিরোনামে আসা বই ● ইংরিজি ও অঙ্কের শর্টকাট টিপস ● খেলতে খেলতে নজির গড়া ● তথ্যের মোড়কে জানা অজানা ● নোটবুক

চাকরী এবার পেতেই হবে
পিএসসি ক্লার্কশিপ
কোর্স ফি: 4,200/- সপ্তাহে 4 দিন ক্লাস
রেল গ্রুপ- ডি / সি
কোর্স ফি: 6,200/- সপ্তাহে 4 দিন ক্লাস
বেঙ্গল পুলিশ/ জেল পুলিশ
ডিফেন্স (BSF/CRPF/SSB)
(মাঠ+প্রিলি+মেইন+ইন্টারভিউ)
কোর্স ফি: 6,200/- সপ্তাহে 4 দিন ক্লাস
সমস্ত চাকরীর পরীক্ষার জন্য
স্পেশাল কম্বাইন্ড কোর্স
কোর্স ফি: 4,200/- সপ্তাহে 4 দিন ক্লাস
সকালে, দুপুরে, বিকেলে, রাত্রে
স্টাডি ক্যাম্পাস চাঁদপাড়া, উঃ ২৪ পরগনা
NICE EDUCATION
Mob : 7547906100/200/300
সমস্ত প্রশিক্ষণই কমল বৈদ্য স্যারের তত্ত্বাবধানে হচ্ছে
ছেলে/ মেয়েদের আবাসিক ব্যবস্থা রয়েছে

মসলন্দপুর বিবেকানন্দ আশ্রমিক কোচিং সেন্টার
An ISO 9001 : 2015 Certified, Govt.. Regn. No [MAS-1/471, L-76204]
Maslandapur, North 24 Parganas, Website : www.mvacc.org.in
জীবন যুদ্ধে থাকবো পাশে
শংকর দার কোচিং
সরকারী চাকুরী পাওয়ার দীর্ঘদিনের পথের দিশারী
পশ্চিমবঙ্গ পুলিশের মহিলা কন্সটেবল
ফাইনাল পরীক্ষার ফলাফলে সবাই চূড়ান্তভাবে সফল। কেউ ফেল করেনি।
PSC Food (SI)
পরীক্ষায় 90% এর বেশী কমন ছিল।

পশ্চিমবঙ্গ পুলিশে 2018-2019 মোট শূন্যপদ (5702 + 8419) = 14121
2018 WBP (Main) পরীক্ষার জন্য ভর্তি নেওয়া হবে 2000 জন, পরবর্তী ব্যাচ 3রা মার্চ, 2019
2019 WBP (Prelims + Main) পরীক্ষার জন্য ভর্তি নেওয়া হবে 5000 জন, ক্লাস শুরু হয়ে গেছে।
PSC Clerkship এর Form Fill-up চলছে ব্যাচ শুরু 5ই মার্চ 2019।
রেলে 1 লক্ষ 30 হাজার শূন্যপদের ক্লাস শুরু 1লা মার্চ 2019। (প্রত্যেক Trade এর জন্য আলাদা আলাদা ক্লাস)।
বাঁকুড়া ও করিমপুর সেন্টারে যাঁরা ভর্তি হতে চান, প্রয়োজনে 2টি Demo-Class করুন তারপর ভর্তি হওয়ার সিদ্ধান্ত নিন।
শিলিগুড়ি ও মালদাতে যাঁরা পড়তে ইচ্ছুক তাঁরা হেড অফিসে যোগাযোগ করুন।
জেল পুলিশের বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে, শূন্যপদ 816, ভর্তি চলছে, পরবর্তী ব্যাচ 3রা মার্চ, 2019
পশ্চিমবঙ্গ স্বাস্থ্য (Health) দপ্তরে 819 শূন্যপদ, আবেদনের শেষ তারিখ 25-02-2019। ক্লাস শুরু হয়ে গেছে। ভর্তি চলছে।
সমস্ত ভর্তি নেওয়া হবে আগে আসার ভিত্তিতে। তাই দেরী করবেন না, আজই যোগাযোগ করুন। কারণ পরে এলে এখানে ভর্তির সুযোগ পাওয়া যায় না। আমাদের এখানে Chapter-wise ক্লাস করানো হয় অভিজ্ঞ শিক্ষকমণ্ডলী দ্বারা। এত পরিমাণ অঙ্ক, G.I, Eng, GK করানো হয় অনেক সময় GK, Eng ছাড়াও অঙ্ক, GI ও কমন আসে। আমাদের বিশেষত্ব একবার একটি কোর্সে ভর্তি হলে অন্য সব গুলি কোর্সই করা যায়। দুরাবর্তি ছাত্রছাত্রীদের জন্য রয়েছে নিজস্ব 3টি হোস্টেল।
এছাড়া ভর্তি চলছে পরবর্তী সেনাবাহিনীর Rally র জন্য | MTS | SSC (10 + 2) ক্লাস শুরু 7 মার্চ, 2019
CGL | WBCS 2020 (Optional - Anthropology) | BSF
Assam Rifles | SSB Tradesman | Head-Constable | Navy | Airforce
বিঃদ্রঃ- RPF, Rail Group-D, SSC আটবাহিনী ইত্যাদি সমস্ত পরীক্ষার On-line Mocktest এর ব্যবস্থা আছে।
হেড অফিস : (সপ্তাহে 7 দিনই খোলা) মছলন্দপুর, উত্তর ২৪ পরগনা
(শিয়ালদহ থেকে বনগাঁ লোকালে মছলন্দপুর স্টেশন সংলগ্ন জাগরণী সংঘ ক্লাবের সন্নিকটে)
ADMISSION HELPLINE : 9733894444, 9547004388, 7432955888
বাঁকুড়া : কাটজুড়িডাঙ্গা, বাঁকুড়া (বাসস্ট্যান্ডের সন্নিকটে সরস্বতী ক্লাবের দোতলায়)
Admission Helpline : 8001693133
করিমপুর, নদীয়া : বাস স্ট্যান্ডের সন্নিকটে হংসরাজ [জয় মা কালী হোটেলের পাশে]
Admission Helpline : 8436682294, 9735671012
ফ্র্যাঞ্চাইজি চাই : উত্তরবঙ্গে শিলিগুড়ি ও মালদা শহরে চাকরীর পরীক্ষার সকল বিষয় পড়ানোর জন্য ফ্র্যাঞ্চাইজি চাই। যাদের উপযুক্ত পরিকাঠামো আছে শুধুমাত্র তারাই যোগাযোগ করুন 9733814088 এই নম্বরে।

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# সাম্প্রতিক ঘটনাপ্রবাহ পঞ্জি

গত সপ্তাহের পর

**১২ ফেব্রুয়ারি** : পশ্চিমবঙ্গের অভ্যন্তরীণ নিরাপত্তার প্রধান উপদেষ্টা পদে যোগ দিতে চলেছেন রীনা মিত্র।

□ ইংল্যান্ডের সর্বকালের সেরা গোলরক্ষক গর্ডন ব্যাঙ্কস (৮১ বছর) মারা গেলেন।

□ 'কলকাতা হাই কোর্ট'এর নতুন বিচারপতি হিসাবে শপথ নিলেন মনোজিৎ মণ্ডল, হিরন্ময় ভট্টাচার্য, মহম্মদ নিজাম-উদ-দ্দীন, তীর্থঙ্কর ঘোষ ও সৌগত ভট্টাচার্য।

□ কেন্দ্রীয় নগরোন্নয়ন মন্ত্রকের স্বাধীন দায়িত্বপ্রাপ্ত রাষ্ট্রমন্ত্রী হরদীপ সিং পুরী জানালেন, দেশের ১০০টি 'কেতাদুরস্ত শহর'এর (স্মার্ট সিটি) জন্য ১৫,৫৩৬ কোটি টাকা সব রাজ্যকে দিয়েছে কেন্দ্র। মোট ১০০টি 'কেতাদুরস্ত শহর'এর জন্য ৫,১৫১টি প্রকল্পে ২ লাখ ৫ হাজার ১৮ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। এই প্রকল্পের আওতায় রয়েছে নিউটাউন-কলকাতা, বিধাননগর, দুর্গাপুর ও হলদিয়া।

□ এবার থেকে একটি অ্যাপের মাধ্যমে 'ভারতীয় জাদুঘর'এর নিদর্শের যাবতীয় ইতিহাস জানতে পারবেন দর্শকরা। এই ব্যবস্থাই চালু করতে চলেছে জাদুঘর কর্তপক্ষ। তবে এই অ্যাপটি শুধুমাত্র জাদুঘরের ভিতরেই ব্যবহার করা যাবে। এর নাম দেওয়া হয়েছে 'বেকন লো এনার্জি ব্লু টুথ বেসড মোবাইল অ্যাপ'। যে গ্যালারিতে এই সুবিধা থাকবে, সেখানে সংশ্লিষ্ট নিদর্শের সামনে একটি কোড থাকবে। তার ছবি নেওয়ার পর তা স্ক্যান করলেই ওই নিদর্শনের সম্পর্কে তথ্য পেয়ে যাবেন দর্শকরা। মোবাইলে হেডফোন দিয়েও তা শোনা যাবে। এছাড়াও মোবাইলের স্ক্রিনে ভেসে উঠবে তার বিবরণ।

□ দিল্লির করোলবাগ এলাকায় গুরুদ্বার রোডের 'অর্পিত প্যালেস'হোটেলের তিনতলায় ভয়াবহ অগ্নিকাণ্ডে ১৭ জন মারা গেলেন। এই ঘটনায় দিল্লি সরকারের তরফে মৃতদের পরিবারকে ৫ লাখ টাকা করে ক্ষতিপূরণ ঘোষণা করা হয়েছে।

□ ভারতীয় মুদ্রায় প্রায় ৭০০ কোটি টাকা দিয়ে মার্কিন যুক্তরাষ্ট্র থেকে ৭২,৪০০ এসআইজি-৭১৬ অ্যাসল্ট রাইফেল কেনার অনুমোদন দিলেন কেন্দ্রীয় প্রতিরক্ষামন্ত্রী নির্মলা সীতারমন। এসব অস্ত্র চিন সীমান্তে থাকা ভারতীয় জওয়ানদের সরবরাহ করা হবে।

**১৩ ফেব্রুয়ারি** : মার্কিন গবেষণা সংস্থা 'ন্যাশনাল অ্যারোনটিক্স অ্যান্ড স্পেস অ্যাডমিনিস্ট্রেশন' (NASA) জানালো, ২০ বছরে আরও সবুজায়ন হয়েছে পৃথিবীতে। তবে এর নেপথ্যে রয়েছে ২টি দেশ। তারা হল চিন ও ভারত। গাছপালার বেড়ে ওঠা, বেঁচে থাকার জন্য প্রয়োজনীয় যে আবহাওয়া, পরিবেশ ও পুষ্টির দরকার, তা ফিরিয়ে আনতে নিরন্তর কাজ চালিয়ে যাচ্ছে এই দুই দেশ। ফলে দু'দশকে গাছপালার সংখ্যা বেড়েছে। গাছ আরও পুষ্ট হয়েছে। ফলে গাছে পাতার পরিমাণ বেড়েছে। পৃথিবীর স্থলভাগের যে পরিমাণ জমিতে চাষাবাদ হয়, তার ৯% চাষের জমি রয়েছে ভারত ও চিনে। এত চাষযোগ্য জমি হাতে থাকা সত্ত্বেও বিশ্বে গত ২০ বছরে যতটা সবুজায়ন হয়েছে, তার এক-তৃতীয়াংশই হয়েছে ভারত ও চিনে।



২০১৯ সালে ইজরায়েলের 'ড্যান ডেভিড' পুরস্কার পেলেন ভারতীয় ঐতিহাসিক সঞ্জয় সুব্রমনিয়াম।

□ বিধানসভার একটি স্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যান পদে দায়িত্ব দেওয়া হল কলকাতা পুর নিগমের প্রাক্তন মেয়র শোভন চট্টোপাধ্যায়কে। প্রাণীসম্পদ বিভাগীয় কমিটির চেয়ারম্যান করা হল তাঁকে।

□ বাচ্চাদের স্তন্যপান করাতে মায়ের অসুবিধা এড়াতে কলকাতা পুর নিগম এলাকার সব শপিং মল বা, কমার্শিয়াল জায়গায় 'মাদার কেয়ার' রাখা বাধ্যতামূলক করল পুর নিগম কর্তৃপক্ষ।

□ 'গুজ্জর'-সহ ৪ সম্প্রদায়ের মানুষদের জন্য শিক্ষা ও চাকরিতে ৫% আসন সংরক্ষণের জন্য একটি বিধেয়ক পাস করল রাজস্থান সরকার। এই বিধেয়ক অনুযায়ী, সমাজের পিছিয়ে পড়া অংশের জন্য সংরক্ষণ ২১% থেকে বাড়িয়ে ২৬% করা হয়েছে। বানজারা, গাদিয়া লোহার, রাইকাস ও গাদারিয়া সম্প্রদায়ের অন্তর্গত মানুষরাও শিক্ষা ও চাকরিতে গুজ্জরদের মতোই ৫% আসন সংরক্ষণের আওতায় আসবেন।

□ সন্ত্রাসবাদে অর্থ সাহায্য ও অবৈধ অর্থ পাচার ঠেকাতে ব্যর্থ দেশের 'কালো তালিকা' তৈরি করল 'ইউরোপীয় ইউনিয়ন'। এই তালিকায় রয়েছে সৌদি আরব, আফগান-ই-স্তান, আমেরিকান সামোয়া, বাহামাস, বৎসোয়ানা, উত্তর কোরিয়া, ইথিওপিয়া, ঘানা, গুয়াম, ইরান, ইরাক, লিবিয়া, নাইজেরিয়া, পানামা, পুয়ের্তো রিকো, শ্রীলঙ্কা, সিরিয়া, ত্রিনিদাদ অ্যান্ড টোবাগো, তিউনিশিয়া ও ইয়েমেন-সহ বিভিন্ন দেশ।

□ ভারতের অনূর্ধ্ব-২৩ ফুটবল দলের কোচ হলেন ডেরেক পেরেরা।

**১৪ ফেব্রুয়ারি** : ম্যাঞ্চেস্টার ইউনাইটেডের যুব দলের কোচ এরিক হ্যারিসন (৮১ বছর) মারা গেলেন।



দুপুর সওয়া ৩টে নাগাদ জম্মু-কাশ্মীরের পুলওয়ামায় অবন্তীপুরায় সি.আর.পি.এফ'এর এক কনভয়ে শক্তিশালী বিস্ফোরকে বিস্ফোরণ ঘটিয়ে অন্তত ৪২ জন জওয়ানকে খুন করল পাক-ই-স্তান মদতপুষ্ট জৈশ-ই-মহম্মদ জঙ্গিরা। জখম হলেন অন্তত ৪০ জন। ফলে কাশ্মীরের সন্ত্রাসবাদের ইতিহাসে সবথেকে ভয়ঙ্কর দিন হিসাবে চিহ্নিত হয়ে থাকল এই দিনটি।

□ ভারতের এক নির্বাচন কমিশনার হিসাবে দায়িত্ব নিলেন সুশীল চন্দ্র। এখন মুখ্য নির্বাচন কমিশনার হিসাবে দায়িত্বে রয়েছেন সুনীল অরোরা।

□ হোয়াটসঅ্যাপে নিজের প্রথম বই 'নো ফ্রেন্ডস বাট দি মাউন্টেন' লিখে অস্ট্রেলিয়ায় সাহিত্যের সেরা 'ভিক্টোরিয়ান পুরস্কার' পেলেন ইরানি শরণার্থী বেহরুজ বুচানি।

□ বাগডোগরাকে আন্তর্জাতিক বিমানবন্দরে রূপান্তরিত করতে ১১০ একর জমি দিল রাজ্য সরকার। এই প্রকল্পের জন্য বিনিয়োগ করা হবে ৫০০ কোটি টাকা।

□ দেশের ১৪টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে আপৎকালীন নম্বর (১১২) হিসাবে একটিই নম্বর ব্যবহার করা হবে বলে জানালো কেন্দ্রীয় সরকার। এই নম্বরে ফোন করে পুলিশ, দমকল, হাসপাতাল বা, অন্য যেকোনো জরুরি পরিষেবার জন্য যোগাযোগ করতে পারবেন সাধারণ মানুষ।

□ প্রাক্তন রাষ্ট্রপতি প্রণব মুখোপাধ্যায়ের মেয়ে শর্মিষ্ঠা মুখোপাধ্যায় দিল্লি কংগ্রেসের 'কমিউনিকেশন হেড'এর পদ থেকে ইস্তফা দিলেন। তাঁর জায়গায় এলেন রমাকান্ত গোস্বামী।

□ কলকাতা রেফারিজ সংস্থার সচিব হলেন সুকৃতি দত্ত।

□ রাঁচিতে 'ঝাড়খণ্ড ক্রিকেট সংস্থা'র স্টেডিয়ামে সাউথ স্ট্যান্ডের নাম হচ্ছে 'এম এস ধোনি প্যাভিলিয়ন'।

**১৫ ফেব্রুয়ারি** : বাংলাদেশের বিশিষ্ট কবি আল মাহমুদ (৮২ বছর) মারা গেলেন।

□ যাত্রী সাচ্ছন্দ্যের কথা ভেবে জলযানে স্মার্টকার্ড ও টোকেন চালু করলেন রাজ্যের পরিবহণমন্ত্রী শুভেন্দু অধিকারী। হাওড়ায় ৩টি, মিলেনিয়াম পার্কে ৩টি ও ফেয়ারলিতে ২টি মেশিন বসছে। এই স্মার্ট কার্ড সরকারি বাসেও ব্যবহার করা যাবে।

## বিশেষ বিজ্ঞপ্তি

**কর্মসংস্থান** পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।

□ মেক্সিকো সীমান্তে পাঁচিল তৈরিতে অর্থ বরাদ্দ করতে সম্মত নয় বিরোধী ডেমোক্র্যাটরা। এই যুক্তিতে ফের মার্কিন যুক্তরাষ্ট্র জুড়ে 'জাতীয় জরুরি অবস্থা' জারি করলেন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। এর ফলে পাঁচিল তৈরির জন্য প্রয়োজনীয় ১,৩৭৫ কোটি ডলার পেয়ে যাবেন বলে জানালেন ট্রাম্প।

□ নয়াদিল্লি স্টেশন থেকে সম্পূর্ণ দেশীয় প্রযুক্তিতে তৈরি দেশের প্রথম সেমি হাইস্পিড ট্রেন 'বন্দে ভারত এক্সপ্রেস'এর উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র দামোদরদাস মোদী। এখন এই ট্রেনটি চলবে নয়াদিল্লি থেকে বারাণসী পর্যন্ত। এর গতিবেগ হবে ঘন্টায় ১৬০ কিলোমিটার।

□ বেক্সিট পরিকল্পনা নিয়ে ব্রিটিশ পার্লামেন্টে ভোটাভুটিতে আবার পরাজিত হলেন প্রধানমন্ত্রী টেরেসা মে। এদিন নিম্নকক্ষ 'হাউস অফ কমন্স'এ প্রধানমন্ত্রীর পরিকল্পনার পক্ষে ২৫৮টি ও বিপক্ষে ৩০৩টি ভোট পড়ে। প্রসঙ্গত উল্লেখ্য, গত মাসের ভোটে লজ্জাজনক হারের পর বেক্সিট চুক্তির পরিকল্পনায় কিছু পরিবর্তন করে এদিন আবার পার্লামেন্টে ভোট নিয়ে আস্থা অর্জন করতে গিয়ে ফের হেরে গেলেন টেরেসা মে।

**১৬ ফেব্রুয়ারি** : 'সেন্ট্রাল বোর্ড অফ ডিরেক্ট ট্যাক্সেস'এর (CBDT) চেয়ারম্যান হলেন প্রমোদ চন্দ্র মোদী।

□ রাজস্থানের জয়পুরে ১৩তম 'গ্লোবাল কনক্লেভ'এ 'প্রমিসিং লিডারশিপ অফ ইন্ডিয়া' হিসাবে 'চাণক্য সম্মান' পেলেন কলকাতার 'মহারাজা মণীন্দ্রচন্দ্র কলেজ'এর জার্নালিজম অ্যান্ড মাস কমিউনিকেশন বিভাগের প্রধান অধ্যাপক বিশ্বজিৎ দাস।

□ 'দিল্লি ফুটবল অ্যাসোসিয়েশন'এর তরফ থেকে 'ফুটবল রত্ন' খেতাব পেলেন ভারতের ফুটবল দলের অধিনায়ক সুনীল ছেত্রী।

□ এই প্রথমবার লোকাল ট্রেনে করে প্রতিস্থাপনের জন্য নিয়ে যাওয়া হল যকৃৎ। মুম্বইয়ে এই ঘটনা ঘটেছে। প্রসঙ্গত উল্লেখ্য, থানের এক হাসপাতালে ৫৩ বছর বয়সি এক ব্যক্তির 'মস্তিষ্কের মৃত্যু' হয়েছে বলে ঘোষণা করেন চিকিৎসকরা। এরপর পার্লের এক হাসপাতালের তরফ থেকে চিকিৎসকদের এক প্রতিনিধি দল 'জুপিটার হাসপাতাল'এ পৌছান। তাঁরা ওই ব্যক্তির দেহ থেকে যকৃৎটি সংগ্রহ করে ট্রেনে করেই যাত্রা করেন।

□ ভারত-পাক সীমান্তের অদূরে জয়সলমিরের পোখরানে মহড়া চালালো ভারতীয় বায়ুসেনা। 'বায়ুশক্তি' নামে এই মহড়ায় অংশ নিয়েছিল মিগ-২৭, সুখোই-৩০, মিরাজ-২০০০, তেজস, জাগুয়ার, এএন-৩২, সুপার জে হারকিউলিস, এমআই-১৭, অ্যাডভান্স লাইট হেলিকপ্টারের মতো ভারতীয় বায়ুসেনার আধুনিক সব বিমান। এই মহড়ায় উপস্থিত ছিলেন ভারতের সেনাপ্রধান বিপিন রাওয়াত, বায়ুসেনার প্রধান এয়ার মার্শাল বি.এস.ধানোয়া ও অন্যান্য বিশিষ্ট ব্যক্তিরা।



লক্ষ্য সেনকে ২১-১৮ ও ২১-১৩ ব্যবধানে হারিয়ে গুয়াহাটিতে অনুষ্ঠিত 'সিনিয়র জাতীয় ব্যাডমিন্টন'এ পুরুষদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন সৌরভ ভার্মা।

□ আন্ধ্রা প্রদেশের ওয়েস্ট গোদাবরী জেলায় তুন্ডুরু গ্রামে চালু হল ভারতের প্রথম 'গোদাবরী মেগা অ্যাকোয়া ফুড পার্ক'।

□ পুসারলা ভেঙ্কটা সিন্ধুকে ২১-১৮ ও ২১-১৫ ব্যবধানে হারিয়ে গুয়াহাটিতে অনুষ্ঠিত 'সিনিয়র জাতীয় ব্যাডমিন্টন'এ মহিলাদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন সাইনা নেহওয়াল।

□ 'ইরানি কাপ'এ চ্যাম্পিয়ন হল বিদর্ভ।

**১৭ ফেব্রুয়ারি** : প্রথম কাশ্মীরি হিসাবে ২০১৯ সালে ভারতের সর্বোচ্চ সাহসিকতার পুরস্কার মরণোত্তর 'অশোক চক্র' পেলেন নাজির আহমেদ ওয়ানি।



২০১৯ সালে সুইৎজারল্যান্ডের জেনেভায় আন্তর্জাতিক মানবাধিকার পুরস্কার 'মার্টিন এন্নালস পুরস্কার' পেলেন সুদানী উদ্বাস্তু কর্মী আব্দুল আজিজ মুহামাত।

□ নানক সিংয়ের লেখা নিষিদ্ধ পঞ্জাবি কবিতা 'খুনি বৈশাখী' ইংরিজি ভাষায় প্রকাশিত হল। 'জালিয়ানওয়ালাবাগের হত্যাকাণ্ড'এর সময়ে লেখা এই বইটি ১৯২০ সালে প্রকাশিত হওয়ার পর ব্রিটিশরা তা নিষিদ্ধ করে দেয়।

□ যৌন নির্যাতনের অভিযোগে পদ হারালেন ভ্যাটিক্যানের উচ্চপদাধিকারী তথা প্রভাবশালী মার্কিন কার্ডিনাল থিওডোর ম্যাককারি।

□ নৌবাহিনীর ক্ষমতা বাড়াতে স্যাটেলাইট ক্ষমতাযুক্ত ক্রুজ সাবমেরিন উদ্বোধন করলেন ইরানের প্রেসিডেন্ট হাসান রুহানি।

□ আসন্ন ক্রিকেট বিশ্বকাপের পর একদিনের ক্রিকেট থেকে অবসর নেবেন ওয়েস্ট ইন্ডিজের ক্রিকেটার ক্রিস্টোফার হেনরি গেইল। এমনটাই জানালো 'ওয়েস্ট ইন্ডিজ ক্রিকেট বোর্ড'।

**১৮ ফেব্রুয়ারি** : প্রখ্যাত মার্কিনি জলবায়ু বিজ্ঞানী অধ্যাপক ওয়ালাস স্মিথ ব্রোয়েকার (৮৭ বছর) মারা গেলেন।

□ দক্ষিণ আফ্রিকার 'নেলসন ম্যান্ডেলা স্কুল অফ পাব্লিক গভর্ন্যান্স'এর ডিরেক্টর হলেন ভারতীয় বংশোদ্ভূত অধ্যাপক ফইজেল ইসমাইল।

□ ভোট ঘোষণার পর একবারে ১০,০০০ টাকার বেশি খরচ করলেই তার ব্যাখ্যা দিতে হবে প্রার্থী বা, সংশ্লিষ্ট রাজনৈতিক দলকে। কোন ব্যক্তি বা, সংস্থার সঙ্গে লেনদেন হচ্ছে, সেই তথ্যও লিখে জানাতে হবে। এই মর্মে নির্দেশিকা জারি করল নির্বাচন কমিশন।

□ 'প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়' রাজারহাটের দ্বিতীয় ক্যাম্পাসের উদ্বোধন করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

□ রাজস্থানের জয়পুর শহরে অনুষ্ঠিত হল এশিয়ার বৃহত্তম শৈশব সম্মেলন 'আরলি এড এশিয়া'। এই সম্মেলনের নীতিবাক্য 'আওয়ার চিল্ড্রেন. আওয়ার ফিউচার'।

□ 'ইন্ডিয়ান এয়ার ফোর্স'এর (IAF) প্রথম মহিলা ফ্লাইট ইঞ্জিনিয়ার হলেন চণ্ডীগড়ের হিনা জয়সওয়াল।

□ ১৮ ঘন্টা ধরে তীব্র গুলি-গ্রেনেড যুদ্ধের পর কাশ্মীরের পুলওয়ামায় সি.আর.পি.এফ'এর কনভয়ে হামলার মূল চক্রী তথা মাস্টারমাইন্ড আব্দুল রশিদ গাজি ওরফে কামরান-সহ ৩ জৈশ জঙ্গিকে খতম করল ভারতীয় সেনা। এই অভিযানে শহিদ হলেন এক মেজর-সহ ৪ সেনা।

□ কাশ্মীরের পুলওয়ামা হামলার জেরে ভারতের চলচ্চিত্র শিল্পে পাক-ই-স্তানি তারকাদের সম্পূর্ণ নিষিদ্ধ ঘোষণা করল 'অল ইন্ডিয়ান সিনে ওয়ার্কার্স অ্যাসোসিয়েশন' (AICWA)।

□ 'গ্লোবাল পজিশনিং সিস্টেম' (GPS) ছাড়া প্রথম ওয়াকিং রোবট 'অ্যান্টবোট' তৈরি করলেন ফ্রান্সের গবেষকরা।

□ 'আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিল'এর (ICC) মেয়েদের ওয়ান ডে র‍্যাঙ্কিংয়ে শীর্ষ স্থান ধরে রাখলেন ভারতের ওপনার স্মৃতি মান্ধানা।

□ বিশ্বখ্যাত ক্রীড়াসরঞ্জাম প্রস্তুতকারক সংস্থা 'পুমা'র বাণিজ্যিক দূত হলেন ভারতের ৬ বারের বিশ্বচ্যাম্পিয়ন মহিলা বক্সার চুঙ্গনেইজাঙ্গ মেরি কম হামাঙ্গতে।

□ সুইৎজারল্যান্ডের স্ট্যানিসলাস ওয়ারিঙ্কাকে ৬-৩, ১-৬ ও ৬-২ ব্যবধানে হারিয়ে 'রটারডাম টেনিস প্রতিযোগিতা'য় পুরুষদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন ফ্রান্সের গেল সেবাস্তিয়ান মঁফিস।

☛ এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান